হাতিঃ স্থলভাগে যত প্রাণী বাস করে তাদের মধ্যে মোটা সোটায় হাতি সবচেয়ে বড়। কোনটি তার সমকক্ষ নয়। শরীর বিশাল মোটা, মুখ উঁচু, ঘাড় ছোট, মাটি থেকে কোন জিনিষ উঠাতে হলে মুখ বা পা দ্বারা উঠাতে পারে না। এ কথা শুনে তোমরা মনে মনে বলতে পার যে, তাহলে মাটি থেকে কোন জিনিষ উঠিয়ে কি করে খায়? এ কাজের জন্যে আল্লাহ তা'আলা নিজ দয়ায় তাকে অন্য একটি জিনিষ দান করেছেন। যা অন্য কোন প্রাণীকে দেন নি। সেটা কি? তার সূড়। এটা বেশ লম্বা হয়। সেটা তাকে নাক এবং হাতের কাজ দেয়। মাটিতে কোন জিনিষ রাখা থাকলে সে তা দ্বারা ধরে মুখের ভেতর পুরে নেয়।

ہے۔ پیٹھ پر رکھ لیتا ہے۔ جہاں چاہے پھینک دیتا ہے۔ پیاس لگے تو مشک بھر پانی اسی میں کھینچ لیتا ہے۔ پھر اس کا سرا منہ میں ڈال کر پی جاتا ہے۔ درختوں کے بڑے بڑے ٹہنے اسی سے پکڑ کر توڑ ڈالتا ہے۔ کوئی چیز اونچی جگہ پر ہو تو سونڈ اٹھا کر اُسے پکڑ لیتا ہے اور جہاں چاہے رکھ دیتا ہے۔ اس کا پیٹ بھی بہت بڑا ہے۔ اس میں پانی جمع رہتا ہے۔ گرمی سے دِق ہوتا ہے تو سونڈ حلق میں ڈال کر نکالتا ہے اور اپنے اوپر چھڑک لیتا ہے۔ غرض اپنے سارے کام اُسی سے لیتا ہے۔

گھوڑے کی طرح اس کی سمجھ بھی بہت اچھی ہے۔ بوجھ اٹھانے میں اونٹ سے بڑھ کر ہے۔ زور میں شیر کا مقابلہ کرتا ہے۔ دیوار سے ٹکر مارتا ہے تو پاش پاش کر دیتا ہے۔ بادشاہ اور امیر اس پر سوار ہوتے ہیں۔ لشکروں میں بڑی بڑی توپیں انہیں سے کھنچواتے ہیں۔ بوجھ لاد کر ایک جگہ سے دوسری

শব্দার্থ : پیاس পিপাসা, کھینچ টেনে, سرا অগ্রভাগ, ٹہنے ডাল, حلق কণ্ঠনালী, چھڑک لیتے ہیں ছিটিয়ে নেয়, شیر বাঘ, সিংহ, دیوار দেয়াল, ٹکر ধাক্কা, پاش پاش চূর্ণ বিচূর্ণ, توپیں কামান।

অনুবাদ ॥ পিঠে রেখে দেয়, যেখানে চায় ছুড়ে ফেলে। পিপাসা লাগলে মশক পরিমান পানি তার মধ্যে টেনে নেয়। তারপর তার অগ্রভাগ মুখের মধ্যে ঢুকিয়ে পান করে নেয়। কোন জিনিষ উঁচুতে থাকলে সূড় উঁচু করে তাকে ধরে নেয়, এবং যেখানে চায় রেখে দেয়। হাতির পেটও বেশ বড়। তার মধ্যে পানি জমা থাকে। গরমে কষ্ট হলে তখন সুড় গলার মধ্যে ঢুকিয়ে বের করে এবং নিজ শরীরের ওপর ছিটিয়ে নেয়। মোটকথা নিজের সকল কাজ তার দ্বারাই সম্পন্ন করে।

ঘোড়ার ন্যায় এরও বোধশক্তি বেশ ভাল। বোঝা বহনের ক্ষেত্রে উঁটের চেয়ে এগিয়ে। শক্তিতে বাঘের মোকাবেলা করে। দেয়ালে আঘাত করলে চূর্ণ বিচুর্ণ করে দেয়। রাজা-বাদশাহ ও বিত্তবানেরা তার ওপর আরোহণ করে। সৈনিকদের বড় বড় কামান তার দ্বারা টানান হয়। বোঝা চাপিয়ে এক জায়গা হতে অপর জায়গায় নিয়ে যাওয়া হয়।

جگہ لے جاتے ہیں۔ جب توپ اور بندوق کا رواج نہ تھا، یہ لڑائیوں میں بڑے
کام دیتے تھے۔ دشمن کی فوج کو سونڈ سے پکڑ کر مار ڈالتے تھے، پاؤں سے
کچل دیتے تھے۔ قلعوں کے دروازوں کو ٹکر مار کر گرا دیتے تھے۔ مگر اَب
اُن سے یہ کام نہیں لیا جاتا۔ کیونکہ اس وقت توپ، بندوق کے بغیر
لڑائی نہیں ہوتی۔ یہ اُن کی گرج سے ڈر کر بھاگتا ہے۔ اور اپنی ہی
فوج کو روندتا ہوا چلا جاتا ہے۔

اُس کا گوشت تو حلال نہیں، مگر لمبے لمبے دانت جو مُنہ سے نکلے رہتے
ہیں وہ بہت کام دیتے ہیں انہیں کبھی برس کے برس کبھی تیسرے چوتھے
برس کاٹ لیتے ہیں، اور اُن سے کنگھیاں، سرمے دانیاں، ڈبیاں،
چوڑیاں، نیز اور بہت قسم کی خوبصورت چیزیں بناتے ہیں۔ یہ سُن کر تمہارے
دل میں خیال پیدا ہوا ہوگا کہ جب اس کے دانت کاٹ لیتے ہیں تو یہ

শব্দার্থ : رواج প্রচলন, فوج বাহিনী, کچل دیتے هي নিষ্পেষিত করে দেয়, قلعوں কিল্লা, بغیر ব্যতিত, ছাড়া, گرج বিকট শব্দ, روندتا هوا পদদলিত করতে করতে, کنگھیاں চিরুণী, چوڑیا চুড়ি।

অনুবাদ ॥ যখন কামান ও বন্দুকের প্রচলন ছিল না তখন হাতি যুদ্ধে অনেক কাজে আসত। শত্রু সৈন্যকে সূড় দ্বারা ধরে মেরে ফেলত। পা দ্বারা পিষে ফেলত, কেল্লার দরজাকে ধাক্কা মেরে ভেঙ্গে ফেলত। কিন্তু বর্তমান এর দ্বারা এসব কাজ নেয়া হয় না। কেননা এখন কামান বন্দুক ছাড়া যুদ্ধ হয় না। আর এরা ও সবের বিকট শব্দে ভয়ে পালিয়ে যায়। আর নিজেদের সৈন্যদেরকে পদদলিত করতে করতে চলে যায়।

হাতির গোশত তো হালাল নয়, কিন্তু লম্বা লম্বা দাঁত যা মুখ থেকে বের হতে থাকে, তা অনেক কাজে আসে। হাতির দাঁতকে বছরে বছরে, কখনো তৃতীয় বা চতুর্থ বছরে কেটে নেয়া হয়। আর সেগুলোর দ্বারা চিরুনী, সুরমাদানী, কৌটা, চুড়ি, এবং আরো অনেক রকমের সুন্দর জিনিষ বানায়। এ শুনে তোমাদের অন্তরে এ ধারণা সৃষ্টি হতে পারে যে, যখন তাদের দাঁত কেটে নেয়া হয়।

کھاتے وقت کسی چیز کو کیونکر چباتا ہوگا یاد رکھو کہ یہ لمبے لمبے دانت
اسے کھانے میں کچھ مدد نہیں دیتے۔ چبانے کے چھوٹے دانت مُنہ کے
اندر ہوتے ہیں۔ یہی وجہ ہے کہ ان دانتوں کے کاٹنے سے اسے کچھ
نقصان نہیں پہنچتا۔

گائے۔ اس کا دودھ سب دُودھ پلانے والے جانوروں سے
زیادہ خوشگوار اور مزے دار ہوتا ہے۔ اسی واسطے لوگ اسے بڑی محبّت سے
پالتے ہیں۔ اس کا گوبر بھی کام آتا ہے۔ اُسے یوں ہی یا اُپلے تھاپ کر سُکھا
تے ہیں اور لکڑیوں کی جگہ جلاتے ہیں۔ بعض قومیں اس کے تازہ گوبر اور
پیشاب کو پوِتر جانتی ہیں۔ گوبر سے چوکا دیتی ہیں۔ ہمارے نزدیک اس کا
پیشاب اور گوبر دونوں ناپاک ہیں، کپڑے یا کسی اور چیز کی درم بھر جگہ پر
پڑ جائے تو وہ پلید ہو جاتی ہے۔

শব্দার্থ : کیونکر কি করে, وجہ কারণ, نقصان ক্ষতি, خوشگوار তৃপ্তিদায়ক, مزیدار সুস্বাদু, اپلے تھاپ کر কাঠির গায়ে থাপ দিয়ে, پوتر পবিত্র, چوکا খাবারের জায়গায় ছিটায়, درم দেরহাম , রোপ্য মুদ্রা, پلید নাপাক।

অনুবাদ॥ তাহলে এরা কোন জিনিষকে কিভাবে চিবায়? স্মরণ রেখ! যে, এ লম্বা লম্বা দাঁত তাকে খাওয়ার কাজে কোন সাহায্য করে না। চিবানোর জন্যে মুখের ভেতর ছোট দাঁত থাকে। এটাই কারণ যে, ঐসব দাঁত কাটার দ্বারা হাতির কোন ক্ষতি হয় না।

গাভীঃ দুগ্ধদানকারী সকল প্রাণীর দুধের চেয়ে গাভীর দুধ বেশী তৃপ্তিদায়ক ও সুস্বাদু। এ কারণে মানুষ একে বেশ যত্নের সাথে পালে। এর গোবরও কাজে আসে। তাকে এমনিই কাঠির গায়ে থাপ মেরে শুকায় এবং কাঠের পরিবর্তে জ্বালায়। কোন কোন জাতি এর কাচা গোবর এবং পেশাবকে পবিত্র জানে। গোবর দ্বারা ছিটা দেয়। আমাদের নিকট এর পেশাব এবং গোবর উভয় নাপাক। কাপড় বা জিনিষে এক দেরহাম (চার আনি) পরিমান জায়গায় লাগলে সেটা নাপাক হয়ে যায়।

بیل۔ ہمارے بہت کام آتے ہیں اور سچ پوچھو تو ہم انہیں کی کمائی کھاتے ہیں۔ کیونکہ انہیں کو ہل میں جوت کر زمیں درست کرکے اناج بوتے ہیں۔ انہیں کی مدد سے کھیتوں کو پانی دیتے ہیں۔ جب اناج پکتا ہے تو وہی گاہتے ہیں۔ بھوسے سے دانہ الگ ہوجاتا ہے تو اکثر انہیں پر لاد کر گھر لاتے ہیں۔ اس کے علاوہ بیل چھکڑے کھینچتے ہیں، بوجھ ڈھوتے ہیں، چرسے اور کولہوں میں چلتے ہیں۔

گائے کی کھال سے گھوڑوں کے ساز، بگھی کے سامان زین، چابک، لگام، جوتیاں اور دیگر بہت سی چیزیں بناتے ہیں، سینگوں سے کنگھیاں، چاقوؤں اور چھتریوں کے دستے بنتے ہیں۔ اور پٹھوں، نسوں وغیرہ سے سریش۔

بعض لوگ گائے کی بہت تعظیم کرتے ہیں۔ اس کا نام لیتا ہو تو ادب

শব্দার্থ : بیل বলদ গরু, درست ঠিক, اناج ফসল, শস্য, بوتے ہیں বপন করি, گاہتے ہیں মাড়াই করে, بھوسے ভুসি, علاوہ ছাড়া ,ব্যতিত, چھکڑے গাড়ী বিশেষ, کولہو ঘানি, بگھی গাড়ী, چھتری ছাতা, دستے বাট, پٹھوں শিরা, نسیں রগ, রক্ত নালী।

অনুবাদ ॥ বলদ গরুঃ বলদ গরু আমাদের অনেক কাজে আসে। আর সত্য জিজ্ঞেস কর তাহলে (এক কথায়) এরই উপার্জন আমরা খাই। কেননা তাকে হালে লাগিয়ে ভূমি ঠিক করে ফসল বপন করি, তারই সাহায্যে ক্ষেতে পানি দেই, যখন ফসল পাকে তখন এর দ্বারাই তা মাড়াই করি। ভুষি থেকে বীজ পৃথক হয়ে যায়, তখন অধিকাংশই এর ওপরই চাপিয়ে বাড়ীতে আনি। তাছাড়া বলদ গরু বড় গাড়ী টানে। বোঝা বহন করে। পানির চাক্কি এবং ঘানে চলে। গরুর চামড়া দ্বারা ঘোড়ার সাজ-সরঞ্জাম, জিনপোষ, চাবুক, লাগাম, জুতা, এবং আরো অন্যান্য জিনিষ বানায়। শিং দ্বরা চিরুনী, চাকু ও ছুরির বাট তৈরী হয়। আর রগ- শিরা ইত্যাদি দ্বারা সিরিশ তৈরী হয়।

কোন কোন মানুষ গাভীর খুবই সম্মান করে। তার নাম নিতে হলে।

کا لحاظ کرکے گاؤ ماتا کہتے ہیں۔ اتنا ہی نہیں، بلکہ اس کے سامنے ماتھا ٹیکتے ہیں اور اسے پوجتے ہیں۔ ہمارے مذہب میں یہ درست نہیں، کیونکہ یہ چیز خداوند تعالیٰ نے ہمارے فائدے اور آرام کے واسطے بنائی ہے۔ اتنا ہی کافی ہے کہ ہم اُسے اچھی حالت میں رکھیں اور اس سے فائدہ اٹھائیں، آرام پائیں۔ یہ نہیں کہ اُسے پوجیں اور اس کی ایسی عزت کریں جیسے اپنے پیدا کرنے والے پاک خدا کی۔ جس نے دنیا کی یہ سب چیزیں بنائیں اور ہمیں ان سے عزت دی۔

بھینس۔ بھدّے پن میں تو مشہور ہے مگر اس میں بھی کچھ شک نہیں کہ دُودھ دینے والے جانوروں میں سب سے زیادہ طاقت رکھتی ہے اور سب سے زیادہ دُودھ دیتی ہے جو بہت گاڑھا ہوتا ہے۔ پئیں تو طاقت بخشتا ہے۔ بدن کو موٹا کرتا ہے۔ اس میں سے مکھن بہت نکلتا ہے۔

শব্দার্থ : گئو ماتا গোমাতা, بلکہ বরং, ٹیکتے ھیں নত করে, کافی যথেষ্ঠ, فائدہ اٹھاتی উপকার লাভ করি, پوجیں পূজা করি, بھینس মহিষ, بھدے پن নোংরামী, شک সন্দেহ, گاڑھا ঘন, پئیں পান করলে।

অনুবাদ॥ গো মাতা বলে। এতটুকুই নয়, বরং তার সামনে মাথা অবনত করে। এবং তাকে পূজা করে। আমাদের ধর্মে এটা ঠিক নয়। কেননা এ জিনিষ আল্লাহ তা'আলা আমাদের উপকার ও শান্তির জন্যে বানিয়েছেন। এতটুকুই যথেষ্ঠ যে, তাকে আমরা আরামের সাথে রাখব। এবং তার দ্বারা উপকার লাভ করব, আরাম পাব। এ নয় যে, তাকে পূজা করব এবং এমন সম্মান করব যেমন নিজ স্রষ্টা পবিত্র আল্লাহর, যিনি দুনিয়ার এ সকল জিনিষ বানিয়েছেন এবং আমাদেরকে তার দ্বারা সম্মান দিয়েছেন।

মহিষঃ মহিষ নোংরামীর মধ্যে তো প্রসিদ্ধ। কিন্তু এর মধ্যে সন্দেহ নেই যে, দুধদানকারী প্রাণীসমূহের মধ্যে মহিষই সবচেয়ে বেশী শক্তি রাখে এবং সবচেয়ে বেশী দুধ দেয়। যা খুবই ঘন। পান করলে শক্তি যোগায়। শরীর কে মোটা করে। তার মধ্য থেকে মাখন বের হয়।

مگر مزے میں گائے کے دودھ کو نہیں پہنچتا۔

دیہات میں دودھ کے لئے لوگ ان کے گلّے کے گلّے پالتے ہیں۔ چھاچھ پیتے ہیں۔ مکھن کھاتے بھی ہیں اور اس کا گھی بھی بناتے ہیں جسے بیچ کر سینکڑوں روپے کماتے ہیں۔ بھینسے بوجھ ڈھوتے ہیں۔ چرسے اور چھکڑے کھینچتے ہیں، ہلوں میں جوتے جاتے ہیں۔

ان کے سینگ بڑے کام کی چیز ہیں، ان سے کنگھیاں، بوتام، چاقوؤں اور چھریوں کے دستے نیز اور بہت سی چیزیں بنتی ہیں۔ اس کی کھال گائے کی کھال سے بھی زیادہ کام آتی ہے۔

بکری۔ یہ بڑا غریب جانور ہے۔ اس سے ہمارے بڑے بڑے کام نکلتے ہیں۔ دیکھو! اس کا گوشت حلال ہے اور ہر ایک قوم کھاتی ہے۔ کبھی اس کا شوربہ پکاتے ہیں، کبھی بھون کر کھاتے ہیں، کبھی

শব্দার্থ : دیہات গ্রাম, گلے کے گلے পাল পাল, چھاچھ ঘোল, মাঠা, بھینسے ষাড়মহিষ, سیکڑوں শত শত, چھکڑے বড় গাড়ী, کنگھی চিরুনী, بکری ছাগী, ছাগল, غریب নিরীহ, অদ্ভুত, বিদেশী, شوربا ঝোল।

অনুবাদ॥ তবে স্বাদের দিক দিয়ে গাভীর দুধের সমকক্ষ নয়।

গ্রামে দুধের জন্যে মানুষ পাল পাল মহিষ পালে। ঘোল (মাঠা) পান করে, মাখন খায়ও এবং তার দ্বারা ঘিও বানায়। যা বিক্রি করে শত শত টাকা উপার্জন করে। পুরুষ মহিষ বোঝা বহন করে, পানচাক্কি ও বড় গাড়ী টানে, হালচাষে লাগান হয়।

মহিষের শিং বড়ই কাজের জিনিষ। তা দ্বারা চিরুনী, বোতাম , চাকু ও ছুরির বাট, এবং আরো অনেক জিনিষ তৈরী হয়। মহিষের চামড়া গরুর চামড়ার থেকেও বেশী কাজে আসে।

ছাগলঃ এটা একটা আশ্চার্য (মূল্যবান) প্রাণী। এর দ্বারা আমাদের বড় বড় কাজ হাসিল হয়। দেখ এর গোশত হালাল, প্রত্যেক জাতি তা খায়। কখনো এর দ্বারা ঝোল রান্না করা হয়, কখনো ভূণা করে খাওয়া হয়।

اس میں آلو، گوبھی شلغم، میتھی، پالک یا کوئی اور چیز ڈال کر سالن پکاتے ہیں۔ اچھے اچھے مسالے ڈال کر قورمہ پلاؤ پکاتے ہیں۔ کٹوا کر قیمہ کرتے ہیں اور اس کے کباب بناتے ہیں، جو بڑے مزے کے ہوتے ہیں۔

اس کا دودھ بھی بہت اچھا ہوتا ہے۔ گائے بھینس کے برابر تو نہیں ہوتا، مگر فائدے سے خالی نہیں، بال موٹے اور سخت تو ہیں مگر بالکل نکمے وہ بھی نہیں۔ ان سے رسے بناتے ہیں، زین کی بھرتی میں بھرتے ہیں۔ کھال کی سرنائیاں، مشکیں، جوتیاں اور کتنی ہی اور چیزیں بنتی ہیں۔ دیہات کے لوگ دودھ، مکھن، گھی، چھاچھ، گوشت کھال اور اس کے بالوں کے لالچ سے ریوڑ کے ریوڑ پالتے ہیں۔ اور ان کی آمدنی سے اپنا گزارہ کرتے ہیں۔

শব্দার্থ : گوبھی কপি, پالک পালঙ্ক, سالن তরকারি, مسالے মসলা, کٹوا کر কাটিয়ে, کباب কাবাব (শিকে গেথে আগুনে সেক দেয়া গোশত), نکمے অকেজো, رسے রশি, سرنائیاں পোশাবাদি, مشکیں মশক ,পানির পাত্র, لالچ লোভ, ریوڑ পাল, آمدنی আয়, گزارہ জীবিকা নির্বাহ।

অনুবাদ ॥ কখনো এর মধ্যে আলু কপি, শালগম, মেথী, পালন শাক, বা অন্য কোন জিনিষ মিশিয়ে তরকারি রান্না করা হয়। ভাল ভাল মসলা মিশিয়ে কোরমা পোলাও রান্না করা হয় এবং তার দ্বারা কাবাব বানান হয়,যা বড়ই সুস্বাদু হয়ে থাকে।

ছাগলের দুধও অনেক উত্তম হয়ে থাকে। গাভী, মহিষের সমপর্যায়েরে তো নয়, তবে উপকার থেকে খালী নয়। পশম মোটা এবং শক্ত হয়ে থাকে। কিন্তু একেবারে অকেজো তাও নয়। তার দ্বারা রশি বানায়, ঘোড়ার গদির মধ্যে ভরা হয়। চামড়ার পোশাক,মশক, জুতা, এবং অনেক জিনিষ তৈরী হয়। গ্রামের মানুষেরা দুধ, মাখন, ঘি, ঘোল,গোশ্‌ত, চামড়া এবং তার পশমের লোভে পালে পালে পেলে থাকে এবং তার আয় দ্বারা নিজ জীবিকা নির্বাহ করে।

نباتات کا بیان

ہمیں جس قدر فائدے حیوانات سے ہیں۔ اُن سے کہیں بڑھ کر نباتات سے ہیں۔ اور یہ سب خدائے تعالیٰ کی مہربانی ہے کہ اس نے ہمارے واسطے ایسی نعمتیں پیدا کی ہیں۔ دیکھو! ہم نباتات ہی کے پھل اور میوے کھاتے ہیں۔ بعض پھلوں کے اچار، چٹنیاں، مربے، شربت اور ہزاروں قسم کی دوائیں بناتے ہیں۔ اکثر درختوں کی لکڑیوں سے صندوق، میزیں، کرسیاں، قلمدان، کنگھیاں، تختیاں، الماریاں، رُول، مکانوں کے کواڑ، کڑیاں، چوکھٹیں اور شہتیر، قسم قسم کے اوزار اور دیگر ہزاروں کام کی چیزیں بناتے ہیں۔ بعض کی لکڑیاں جلاتے ہیں۔ اناج بھی درختوں ہی کے پھل ہیں جن کو ہم طرح طرح سے ہر روز آپ بھی کھاتے ہیں اور اپنے جانوروں کو بھی کھلاتے ہیں۔ گھاس

উদ্ভিদের বর্ণনা

শব্দার্থ : نباتات উদ্ভিদ, جس قدر যে পরিমান, حیوانات জীব, بڑھکر বেশী, مہربانی দয়া, অনুগ্রহ, میوے ফল, چٹنی চাটনী, مربے মোরাব্বা, دوا ঔষধ, اکثر অধিকাংশ, میز টেবিল, کرسی চেয়ার, کواڑ জানালা, چوکھٹے চৌকাঠ, شہتیر কড়িকাঠ, اوزار হাতিয়ার, دیگر অন্যান্য, اناج শস্য।

অনুবাদ॥ আমাদের যে পরিমান উপকার জীব দ্বারা হয় তার থেকে কয়েক গুণ বেশী উপকার উদ্ভিদের দ্বারা হয়ে থাকে। আর এ সবই আল্লাহ তা'আলার দয়া যে, তিনি আমাদের জন্যে এ ধরনের নে'আমতরাজি সৃষ্টি করেছেন। দেখ! আমরা উদ্ভিদেরই ফল-ফলাদি খেয়ে থাকি, কোন ফলের আচার, চাটনি, মোরাব্বা শরবত, এবং শত-সহস্র প্রকারের ঔষধ বানাই। অধিকাংশ গাছের কাঠ দ্বারা বাক্স, টেবিল, চেয়ার, কলমদানি, চিরুনি, শ্লেট, আলমারি, স্কেল, ঘরের জানালা, কড়ি-বর্গা, চৌকাঠ, এবং কড়িকাঠ (আড় কাঠ) বিভিন্ন রকমের হাতিয়ার, এবং অন্যন্য হাজারো রকমের কাজের জিনিষ বানাই। কোন কোন কাঠ জ্বালাই। ফসলও গাছের ফলই হয়ে থাকে। যাকে বিভিন্ন প্রকারে প্রতি দিন নিজেরাও খাই এবং নিজ পশুদেরকেও খাওয়াই।

اور بہت سی قسم کے درخت جو ہمارے کسی اور کام نہیں آتے ان سے جانور
پلتے ہیں، جو ہمارے کام آتے ہیں۔ قِسم قسم کے کپڑے طرح طرح کے رنگ
اور ہزاروں مٹھائیاں بھی نباتات ہی سے بنتی ہیں۔ تیل جس سے چراغ
جلاتے ہیں، قسم قِسم کے کھانے پکاتے ہیں، طرح طرح کے مرہم بناتے ہیں
وہ بھی نباتات ہی سے نکلتا ہے۔ رسّے، رسّیاں، بان، سُتلی،
ڈوریں بھی انہیں سے بنائی جاتی ہیں، پھلیل، خوشبودار تیل عطر اور طرح
طرح کے عرق بھی انہیں کے ہوتے ہیں۔ کاغذ جس پر ہم لکھتے ہیں وہ بھی
انہیں کا بنتا ہے۔ بعض نباتات زہریلی بھی ہوتی ہیں۔ آدمی اُنہیں کھائے
تو بیمار ہو جائے یا جھٹ مر جائے۔ یاد رکھو! ایسی چیزیں ہرگز نہ کھانا۔
یہ سُن کر تم بے اختیار کہہ اٹھوگے کہ یہ چیزیں تو ہمارے فائدے کی نہیں،
سراسر نقصان کی ہیں۔ مگر یہ نقصان ہماری نادانی سے ہوتا ہے۔ اگر ہم
ضرورت کے وقت ذرا ذرا سی کھائیں تو اُن سے بہت فائدہ پہنچتا ہے۔

শব্দার্থ : بنتی ہے তৈরী হয়, چراغ বাতি, مرہم মলম, رسے রশি, رسیاں দড়ি. بان কট ধরণের সূতা যা দ্বারা চারপায়া বুনা হয়, ستلی সুতলী, ڈورے ডোরা, মোটা দড়ি, پھلیل সুগন্ধি, خوشبودار সুরভী, عرق নির্যাস, زہریلی বিষাক্ত, جھٹ দ্রুত, ہرگز কখনো, بے اختیار অনিচ্ছায়, سراسر সম্পূর্ণ, نادانی অজ্ঞতা, মূর্খতা।

অনুবাদ॥ ঘাস এবং বহু ধরনের গাছ যা আমাদের অন্য কোন কাজে আসে না সেগুলো দ্বারা পশু পালন করে থাকি যা আমাদের কাজে আসে। বিভিন্ন রকমের কাপড়, নানা ধরনের রং এবং হাজারো রকমের মিষ্টান্ন উদ্ভিদ থেকেই তৈরী হয়। তেল যা দ্বারা বাতি জ্বালাই, রকমারি খাবার রান্না করি, বিভিন্ন ধরণের মলম বানাই তাও উদ্ভিদ থেকেই হাসিল হয়। রশি, দড়ি, বানা, সুতুলী কাছিও উদ্ভিদ থেকেই বানান হয়। সুরভী, সুগন্ধি তেল, আতর, এবং নানা রকমের নির্যাসও তার থেকে হয়। কাগজ যার ওপর আমরা লেখি তাও এর থেকে তৈরী হয়। কোন কোন গাছ বিষাক্তও হয়ে থাকে। মানুষ তা খেলে অসুস্থ হয়ে যায় অথবা সাথে সাথে মরে যায়। মনে রেখ! এমন জিনিষ কখনো খাবেনা। এ শুনে তোমরা অনিচ্ছায় বলে উঠবে যে, এ জিনিষ তো আমাদের উপকারের নয় সম্পূর্ণ ক্ষতির জন্যে, কিন্তু এ ক্ষতি আমাদের অজ্ঞতার জন্যে হয়ে থাকে। প্রয়োজনের সময় যদি আমরা সামান্য সামান্য খাই তাহলে তা দ্বারা অনেক উপকার হয়।

اب ہم تمہیں خاص خاص نباتات کا تھوڑا تھوڑا حال سناتے ہیں۔ سنو اور یاد رکھو۔

گیہوں۔ ہم صبح وشام روٹی کھاتے ہیں وہ اکثر گیہوں ہی کی ہوتی ہے۔ پہلے گیہوں کو چکی میں پیستے ہیں۔ پھر اس کے آٹے کی روٹی پکاتے ہیں۔ میدے کا حلوا، پوری کچوری، سویاں، مٹھائیاں، سہالیاں نیز اور بہتیرے چیزیں بنتی ہیں گیہوں کے دانے بھگو رکھتے ہیں۔ کچھ دنوں کے بعد ان کے اندر کا سفید سفید گودا نکال لیتے ہیں اسے رَوا یا سُوجی کہتے ہیں اس سے ڈبل روٹی، بسکٹ اور حلوا بناتے ہیں۔ آٹے کی بھوسی اور سبز سبز گیہوں مویشی کھاتے ہیں گیہوں کے دانے اُبال کر گھنگھنیاں بناتے ہیں جو بہت مزیدار ہوتی ہیں۔ بھگو کر نشاستہ، دَل کر بناتے ہیں۔ بھون کر کھاتے ہیں بھنے ہوئے دانوں میں گڑ ملاکر مرنڈے بنائے جاتے ہیں جنھیں لڑکے بالے بڑی خوشی سے کھاتے ہیں۔

শব্দার্থ : گیہوں গম, چکی যাতা, پیستے ہیں পেষন করি, حلوا হালুয়া, کچوری কাচুরী (ঘিয়ে ভাজা পিঠা). سویاں সেমায়, سہالی চাপাতি (পাতলা রুটি), گودا মজ্জা, ڈبلروٹی পাও রুটি, مویشی গৃহ পালিত পশু, ابال کر সিদ্ধ করে, گھنگنیاں ঘুঘনি, نشاستہ গমের শ্বেত সার, دلیا পায়েস, খীর বিশেষ, مرنڈے মোয়া।

অনুবাদ॥ এখন আমরা তোমাদেরকে বিশেষ বিশেষ উদ্ভিদের সামান্য সামান্য অবস্থা শুনাচ্ছি । শুন এবং স্মরণ রাখ।

গমঃ সকাল বিকাল আমরা রুটি খেয়ে থাকি। তা অধিকাংশই গাছেরই হয়ে থাকে। আগে গমকে জাতায় পেষন করি। তারপর তার আটা দ্বারা রুটি তৈরী করি। ময়দার হালুয়া, পুরি, ডাল পুরি. সেমায়,মিষ্টান্ন, চাপাতি, এবং আরো অনেক জিনিষ তৈরী হয়। গমের দানা ভিজিয়ে রাখি, কিছু দিন পরে তার ভেতরের সাদা সাদা মজ্জা বের করে নিই, তাকে রওয়া বা সুজি বলে। তার দ্বারা পাউরুটি, বিস্কুট, এবং হালুয়া বানাই। আটার ভুষি এবং সবুজ সবুজ গম গৃহ পালিত পশু খেয়ে থাকে। গমের দানা সিদ্ধ করে ঘুগনী বানাই, যা খুব সুস্বাদু হয়ে থাকে। ভিজিয়ে গমের শ্বেত সার পিষে খির বানান হয়। ভুনা করে খাই। ভেজে দানার সাথে গুড় মিশিয়ে মোয়া বানাই। যা ছেলে-পিলেরা বেশ আনন্দের সাথে খায়।

گنّا۔ تم نے گڑ، شکر، مصری، بتاشے کھائے ہونگے گنڈیریاں بھی کھائی ہوں گی۔ جانتے ہو یہ سب چیزیں کس چیز سے بنتی ہیں؟ یہ گنّے سے بنا کرتی ہیں اُسے پھاگن اور چیت میں بوتے ہیں۔ پودے کے چاروں طرف کھود کر زمین پولی کرتے ہیں۔ پانی بھی بہت دیتے ہیں۔ غرض اس پر بڑی محنت کرتے ہیں تو جاکر کہیں اگھن میں گنّا پکتا ہے۔ اُسے آدمی کھاتے ہیں، ہاتھی اور دیگر جانوروں کو کھلاتے ہیں۔ کولھو یا بیلنے میں بیل کر رس نکالتے ہیں۔ جسے پیتے بھی ہیں، میٹھے چاول اور کھیر بھی پکاتے ہیں، گڑ، شکر، کھانڈ اور شیرہ بناتے ہیں۔ ان سے طرح طرح کی مٹھائیاں بنتی ہیں، جنہیں امیر سے لے کر غریب تک سب کھاتے ہیں۔ جن ملکوں میں گنّا نہیں ہوتا، وہاں شہد اور کھجور سے کام چلاتے ہیں۔

گنّے کی کئی قسمیں ہیں جن میں کھانے کے لئے پونڈا سب سے زیادہ کام

শব্দার্থ : گنا আখ, شکر চিনি, بتاشے বাতশা, پھاگن ফাল্গুন, پود চারা, گوڈ খুদায়, بولی নরম, آگھن অগ্রাহায়ন, کولھو ঘানি, بیلنے মাড়াইকল, کہانڈ পাটালী, শুকনো গুড় বিশেষ, شہد মধু, دباتے هیں চাবাই, قدرت শক্তি, ক্ষমতা।

অনুবাদ॥ আখঃ তোমরা গুড়, চিনি, মিছরী, বাতশা খেয়ে থাকবে, গেন্ডারীও খেয়ে থাকবে জান কি এ সব কিসের থেকে তৈরি হয়? এ সব আখ থেকেই তৈরি হয়। আখ ফাল্গুন- চৈত্র মাসে বপন করতে হয়। চারার চারি পার্শ্বে মাটি খুদায় করে নরম করে দিতে হয়। পানি ও বেশ দেয়া হয়। মোট কথা তার ওপর অনেক কষ্ট করে। তখন গিয়ে কোথায় অগ্রহায়ণ মাসে আখ পরিপক্ক হয়। মানুষে তা খায়, হাতি এবং অন্যান্য প্রাণীকে খাওয়ায়। ঘানি বা কলে মাড়াই করে রস বের করে। যাকে পানও করে, মিষ্টি ভাত এবং খির পাকায়। গুড়, চিনি, পাটালী (বরফী), এবং শিরা বানায়। এ সব দ্বারা বিভিন্ন রকমের মিষ্টান্ন তৈরি হয়। যা ধনী থেকে গরীব পর্যন্ত সকলেই খায়। যে সব দেশে আখ হয় না সেখনে মধু এবং খেজুর দ্বারা কাজ চালান হয়।

আখ কয়েক প্রকারের আছে। সেগুলোর মধ্যে খাওয়ার জন্যে পোন্ডা সব চেয়ে বেশী কাজে আসে।

آتا ہے۔ شہروں میں اس کی گنڈیریاں بناتے ہیں۔ جب ایک گنڈیری مُنہ میں ڈالتے ہیں اور دانت سے دباتے ہیں تو رَس سے مُنہ بھر جاتا ہے۔

خدا کی قدرت دیکھو! ایک ہی گنّا ہے مگر اس کے تینوں حصّوں کا مزہ جُدا جُدا ہے۔ اگولا جس کے اوپر لمبے لمبے پتّے ہوتے ہیں، بالکل پھیکا پانی، جڑ جو سخت اور ریشے دار ہوتی ہے۔ حد سے زیادہ میٹھی، بیچ کا حصّہ نہ بہت میٹھا نہ بہت پھیکا۔

آم۔ بازاروں میں کئی قِسم کے اَچار بِکتے ہیں۔ تم نے بھی کھائے ہوں گے۔ سب اچاروں میں آم کا اچار لذیذ ہوتا ہے۔ لوگ مزے سے کھاتے ہیں۔ یہ آم کے درخت کے کچّے پھلوں کا بنتا ہے۔

خداوند تعالیٰ نے اس درخت کو بھی آدمی کے واسطے ایک عجیب نعمت بنایا ہے۔ اس کی چھاؤں گھنی ہوتی ہے گرمی میں بہت فائدہ پہنچاتی

শব্দার্থ : اگولا আগা, بالکل একেবারে, সম্পূর্ণ, پھیکا পানসে, جڑ গোড়া, لذیذ সুস্বাদু, چھاؤں ছায়া।

অনুবাদ॥ শহরে সে গুলোর গেন্ডারী (খন্ড) বানায়। যখন একটা গেন্ডারী মুখে দেয়া হয় এবং দাঁত দ্বারা চাবান হয় তখন রসে মুখ ভরে যায়।

আল্লাহর কুদরত লক্ষ কর! একই আখ, কিন্তু তার তিনো অংশের স্বাদ ভিন্ন ভিন্ন। আগা যার ওপর লম্বা লম্বা পাতা হয় একবারেই পানসে। গোড়া বেশ শক্ত এবং শিকড়যুক্ত, সীমাতিরিক্ত মিষ্ট। মাঝের অংশ না বেশী মিষ্ট, না বেশী পানসে।

আমঃ বাজারে কয়েক প্রকারের আচার বিক্রি হয়। তোমরা ও খেয়ে থাকবে। সব আচারের মধ্যে আমের আচার সুস্বাদু। মানুষে মজার সাথে তা খায়। আম গাছের কাঁচা ফল থেকে আচার তৈরি হয়। আল্লাহ তা'আলা এ গাছকেও মানুষের জন্যে এক আশ্চার্য নে'আমত বানিয়েছেন। এর ছায়া ঘণ হয়ে থাকে। গরমে বেশ উপকার করে।

ہے۔ لکڑی مضبوط ہے۔ اس سے کتنی ہی کام کی چیزیں بنتی ہیں مگر یہ
درخت لکڑی اور چھاؤں کے سبب اتنا مشہور نہیں، جتنا پھل
کے سبب ہے۔ وہ کچا ہو تو بھی بیکار نہیں۔ پکا آم بہت لذیذ ہوتا ہے۔
اُسے تراش کر کھاتے ہیں، پلپلا کے چوستے ہیں۔ کچی کیری ہو تو چٹنی پیستے
ہیں۔ پکنے سے ذرا پہلے اتار کر مربہ ڈالتے ہیں۔ کچے آم کا اچار ڈالتے ہیں۔
کبھی چیر کر اُسے سکھاتے ہیں جسے کھٹائی یا امچور کہتے ہیں۔ اس کا بھی اچار
ہوتا ہے جو بہت مزے دار ہوتا ہے۔

آم آدمی ہی نہیں کھاتے، بعض جانور بھی اُسے بڑے مزے سے کھاتے
ہیں۔ خصوصاً طوطے تو اس پر ایسے گرتے ہیں جیسے پھول پر بلبل۔ جب آم پہ
رنگ آتا ہے طوطوں کے جھنڈ کے جھنڈ آتے ہیں اور اپنا من بھاتا کھا
جا کھاتے ہیں اس سے درخت کے مالک کا نقصان ہوتا ہے۔ اسی لئے وہ

শব্দার্থ : لکڑی কাঠ, سبب কারণ, تراش کر ছুলে, پلپلا کر নরম করে, کچی کیری কাঁচা-গুটি, کھٹائی টক, خصوصا বিশেষত, جھنڈ ঝাক, من بھاتا মন ভরে।

অনুবাদ॥ কাঠ শক্ত, এর দ্বারা বহু কাজের জিনিষ তৈরী হয়। কিন্তু আম গাছ কাঠ এবং ছায়ার কারণে এত প্রসিদ্ধ নয় যতটুকু ফলের কারণে প্রসিদ্ধ। আম কাঁচা হলেও বেকার নয়। পাকা আম খুব সুস্বাদু। পাকা আম ছুলে খায়, এবং টিপে নরম করে চুষে খায়। কাঁচা কাঁচা থাকলে পিষে চাটনি বানান হয়। পাকার সামান্য পূর্বে পেড়ে মোরাব্বা বানান হয়। কাঁচা আমের আচার বানান হয়, কখনো ফেড়ে শুকান হয় যাকে টক বা আমচুর বলে। এর ও আচার হয়, যা খুবই স্বাদের হয়।

আম শুধু মানুষেই খায় না বরং কোন কোন প্রাণী ও তাকে বেশ মজার সাথে খায়। বিশেষ করে তোতা পাখি তার ওপর এমনভাবে পড়ে যেমন ফুলের ওপর বুলবুল পড়ে। যখন আমের রং আসে তখন ঝাকে ঝাকে তোতা আসে এবং মন ভরে খেয়ে যায়। এর দ্বারা গাছের মালিকের ক্ষতি হয়। এ কারণে সে

اُن سے بچانے کو آدمی نوکر رکھتا ہے جو اُنہیں درخت پر بیٹھنے نہیں دیتا۔

روئی - ہمارے تمہارے پہننے کے کپڑے اکثر روئی کے ہوتے ہیں جو ایک پودے کے پھل میں سے نکلتی ہے۔ اُسے روئی یا کپاس کا پودا کہتے ہیں۔ وہ تین چار فٹ اُونچا ہوتا ہے اُس کے پتے کٹواں پنجے جیسے سبز سیاہی مائل ہوتے ہیں، ہلکے زرد پھول آتے ہیں، گول نکیلا سا سبز پھل اس پر لگتا ہے۔ جس کے اندر تین چار خانے ہوتے ہیں۔ جب یہ پھل پک کر کھل جاتا ہے تو انہیں خانوں میں سے سفید ریشم سی ایک چیز نکلتی ہے وہ روئی ہے جو بنولوں کے اوپر لپٹی ہوئی ہوتی ہے۔ کھیت میں عورتیں یا مرد اُس کو چنتے ہیں، بیلنے میں بیل کر روئی کو بنولوں سے الگ کر لیتے ہیں۔

بنولے گائے، بھینس، بکری کو کھلاتے ہیں اُس سے وہ دُودھ بہت دیتی ہیں۔ گھی زیادہ نکلتا ہے، بیلوں کو بھی کھلاتے ہیں جو انہیں کھا کر

শব্দার্থ : نوکر চাকর, روئی তূলা, پودے চারা, کٹواں پنجے কাটা পাঞ্জা (এক প্রকারের পাতা) سبز سیاهی مائل সবুজ কাল মিশ্রিত, زرد হলুদ, نکیلا নাকফুল, خانا ঘর, سفید সাদা, بنولوں বীজ।

অনুবাদ ॥ এর থেকে রক্ষা করার জন্যে মানুষকে চাকর রাখে। সে তাদের কে গাছের ওপর বসতে দেয়না।

তূলা ঃ আমাদের তোমাদের পরিধানের কাপড় অধিকাংশই তূলারই হয়ে থাকে যা এক প্রকার চারার ফল থেকে বের হয়। তাকে তূলা বা কার্পাশ বলা হয়। তুলা তিন চার ফুট উঁচু হয়, তার পাতা কাটা পাঞ্জার ন্যায় সবুজ কাল মিশ্রিত হয়। হালকা হলুদ ফুল আসে। তার ওপর গোল নাকফুলের ন্যায় সবুজ ফল আসে। যার মধ্যে তিন চারটি ঘর হয়। যখন এ ফল পেকে ফেটে যায় তখন ঐ সব ঘর থেকে সাদা রেশমের ন্যায় এক ধরণের জিনিষ বের হয়, ঐটাই তূলা। তুলা বীজের ওপর জড়ান থাকে। ক্ষেত থেকে মহিলা বা পুরুষেরা তাকে সংগ্রহ করে (বেছে নেয়)। বেলুনে বেলে তূলাকে বীজ থেকে আলাদা করে নেয়।

তূলার বীজ গরু, মহিষ ও ছাগলকে খাওয়ান হয়। এর দ্বারা সেগুলো বেশী দুধ দেয়। ঘি বেশী বের হয়। বলদ গরুকেও খাওয়ান হয়। সেগুলো ত. খেয়ে

خوب موٹے ہو جاتے ہیں۔ بعض دواؤں میں بھی ملاتے ہیں اور ان پر تیل
ڈال کر جلاتے ہیں تو بہت خوب روشنی ہوتی ہے۔

روئی سے کپڑے بنتے ہیں جو امیر و غریب سب پہنتے ہیں۔ ہمارے
مُلک میں تو اکثر موٹے کپڑے ہی بُنے جاتے ہیں' مگر وِلایت میں کلوں کی
بدولت بہت بیش قیمت کپڑے تیار ہوتے ہیں۔ لٹھا، خاصا، ململ، نین
سُکھ، رنگ برنگ کی چھینٹیں اور کپڑے سب اُنہیں کلوں کے ذریعہ
بڑی پھُرتی سے بنتے ہیں، وہیں سوت کاتا جاتا ہے۔ وہیں تانا تنا جاتا ہے
وہیں بُن بُنا کر تہہ کیا کرایا تھان تیار ہو جاتا ہے۔ وہیں دُھل کر دُودھ کی
طرح سُفید کپڑا بن جاتا ہے۔ وہیں جس رنگ کا چاہو رنگا جاتا ہے۔ غرض
عجیب تماشا ہوتا ہے۔ اگرچہ اَب ہمارے ملک میں بھی بعض جگہ کپڑا بُننے
کی کلیں چلنے لگی ہیں مگر نہ تو ان میں اعلیٰ درجے کا کام ہوتا ہے اور نہ

শব্দার্থ : چنتے هیں খুটে, بیلوں পেষনকল, روشنی আলো, امیر/ ধনী, ولایت বিলাত, بیش قیمت দামী, لٹھا মোটা, خاص মধ্যম, ململ মিহি, পাতলা, نین سکه আর্দি কাপড় বিশেষ, মসলিন, ذریعه মাধ্যম, تانا তানা (কাপড় বুননের দৈর্ঘের সূতা), تنا টানান, تماشا কাণ্ড, اعلی درجه/ উন্নত মানের।

অনুবাদ॥ বেশ মোটা তাজা হয়। কোন কোন ওষুধে ও মিশান হয়। এবং তারও পর তেল ঢেলে জ্বালালে খুব আলো হয়।

তূলা দ্বারা কাপড় তৈরী হয় যা ধনী গরীব সবাই পরে। আমাদের দেশে তো অধিকাংশই মোটা কাপড় তৈরী হয়। কিন্তু বিলেতে মেশিনের সাহায্যে অনেক মূল্যবান কাপড় তৈরী করা হয়। মেশিনেই সূতা তৈরী হয়, সেখানেই তানা টানান হয়, সেখান থেকেই কাপড় তৈরী হয়ে ভাজ হয়ে থান তৈরী হয়ে যায়। সেখানেই ধোলায় হয়ে দুধের ন্যায় সাদা কাপড় তৈরী হয়ে যায়। যদিও এখন আমাদের দেশে ও কোন কোন জায়গায় কাপড় বুনার মেশিন চলতে শুরু করেছে। কিন্তু সেগুলোতে উন্নত মানের কাজ হচ্ছে না।

اس کی بہت بکری ہے۔ ہمیں چاہئے کہ اس قسم کے کارخانوں کی مدد کریں اور جہاں تک ہوسکے کوشش کریں کہ ایسے کارخانے جاری ہوں تاکہ ہمارا ملک بھی کچھ مال و دولت میں ترقی کرے۔

جمادات کا بیان

خدائے تعالیٰ نے حیوانات اور نباتات کی طرح جمادات بھی ہمارے فائدے کے لئے بنائی ہیں۔وہ ہماری بہتیری ضرورتوں میں کام آتی ہیں۔کسی سے مکان بناتے ہیں، کسی سے عورتوں کے لئے اچھے اچھے زیور، کسی سے طرح طرح کے اوزار کوئی برتنوں کے بنانے میں کام آتی ہے، کوئی دواؤں میں ڈالی جاتی ہے، کسی سے ہمارے کپڑوں نیز اور چیزوں کی سجاوٹ ہوتی ہے، کسی سے جنگ کے سامان بناتے ہیں۔ کسی سے اپنا مکان سجاتے ہیں، کسی سے سکے بنتے ہیں، جن کے ذریعہ سے دنیا میں خرید و فروخت کا کام بڑی آسانی سے چلتا ہے۔غرض جمادات اور دیگر چیزوں کے فائدے

শব্দার্থ : ترقی উন্নতি, جمادات জড় বস্তু, مکان ঘর, زیور অলংকার, سجاوٹ সাজ-সজ্জা, শোভা বর্ধন, سکے মুদ্রা, خرید وفروخت কেনাবেচা।

অনুবাদ ॥ আর তা বেশী বিক্রি ও হচ্ছে না। আমাদের উচিত যে, এ ধরনের কারখানার সহযোগিতা করব এবং যতটুকু সম্ভব হয় চেষ্টা করব যেন, এ ধরনের কারখানা চালু হয় যাতে আমাদের দেশও ধন- সম্পদে কিছু উন্নতি করতে পারে।

জড়বস্তুর বর্ণনা

আল্লাহ তা'আলা জীব এবং উদ্ভিদের ন্যায় আমাদের জন্যে জড় বস্তুকেও উপকারের জন্যে সৃষ্টি করেছেন। জড়বস্তু আমাদের বহু প্রয়োজনে কাজে আসে। কোনটি দ্বারা ঘর বানাই, কোনটি দ্বারা মহিলাদের জন্যে সুন্দর সুন্দর অলংকার, কোনটি দ্বারা হাতিয়ার বানাই। কোনটি বরতন (পাত্র) বানানোর কাজে আসে। কোনটি ওষুধে মিশান হয়, কোনটি দ্বারা আমদের কাপড় এবং আরো অন্যান্য জিনিষের সাজ-সরঞ্জাম হয়। কোনটি দ্বারা যুদ্ধ সামগ্রী বানাই, কোনটি দ্বারা নিজের ঘর সাজাই, কোনটি দ্বারা মুদ্রা (টাকা) তৈরী করা হয়, যার মাধ্যমে দুনিয়ায় বেচা-কেনার কাজ বেশ সহজভাবে চলে। মোটকথা জড় বস্তু এবং অন্যান্য জিনিষের উপকারীতা

دیکھ کر بے اختیار ہمارا جی چاہتا ہے کہ جس مہربان مالک نے ہم کو یہ سب نعمتیں بخشی ہیں، ہم پر اتنی مہربانیاں کی ہیں ہم بھی ہر وقت اس کا شکر ادا کریں، اس کی یاد میں رہیں۔ اُسے کبھی نہ بھولیں۔ جمادات کے عام طور پر فائدے تو تم سُن چکے اب خاص خاص جمادات کے فائدے سنو اور یاد رکھو۔

مٹی۔ یہ بڑے کام کی چیز ہے۔ اسی سے کچّی اور پکّی اینٹیں بنتی ہیں۔ جنہیں چونے اور گارے سے چیکا چیکا کر مکان بناتے اور ان میں رہتے سہتے ہیں، برسات میں مینہ سے، گرمی میں دُھوپ سے، جاڑے میں سردی سے بچتے ہیں، اپنے مال و دولت اور جانوروں کو انہیں میں رکھتے ہیں اور چور چکاروں سے بچاتے ہیں۔

مکانوں کے سوا مٹی سے کئی قسم کے برتن بنائے جاتے ہیں۔ کسی میں پانی رکھتے ہیں، کسی میں دال سالن پکاتے ہیں کسی میں اناج بھرتے ہیں،

শব্দার্থ : بے اختیار অনিচ্ছা, شکر কৃতজ্ঞতা, مٹی মাটি, چونے চূনা, گارے কাদা, چیکا کر মিলিয়ে, مینہ মেঘ, دھوپ রোদ, چور چکار চোর ডাকাত।

অনুবাদ ॥ দেখে সহসা আমাদের মনে চায় যে, দয়াময় প্রভূ আমাদেরকে এ সকল নে'আমত দান করেছেন, আমাদের ওপর এত করূণা করেছেন, আমরা সব সময় তাঁর শুকরিয়া আদায় করি। তাঁর স্মরণে মগ্ন থাকি, তাঁকে কখনো না ভুলি। জড় বস্তুর উপকারীতা সাধারণভাবে তোমরা শুনেছ। এখন বিশেষ বিশেষ জড়বস্তুর উপকারীতা শুন এবং স্মারণ রাখ।

মাটিঃ মাটি বড়ই কাজের জিনিষ। এর দ্বারা কাঁচা পাকা ইঁট তৈরী হয়। যাকে চূনা এবং কাদার সাথে মিশিয়ে ঘর বানাই,এবং তার মধ্যে বসবাস করি। বর্ষায় বৃষ্টি থেকে, গরমে রোদ থেকে, শীতে ঠান্ডা থেকে রক্ষা পাই। নিজ ধন সম্পদ, এবং (পালিত) পশুদেরকে তার মধ্যে রাখি এবং চোর ডাকাত থেকে রক্ষা করি।

ঘর-বাড়ী ছাড়াও মাটি দ্বারা কয়েক রকমের পাত্র বানান যায়। কোনটির মধ্যে পানি রাখি, কোনটির মধ্যে ডাল- তরকারী রান্না করি, কোনটির মধ্যে ফসল ভরে রাখি,

کسی میں اور چیزیں رکھی جاتی ہیں۔ بعض ایسی خوبصورت ہوتے ہیں کہ ان سے مکان سجائے جاتے ہیں۔

کنکر۔ جو سڑکوں پر کوٹتے ہیں وہ بھی مٹی سے پیدا ہوتے ہیں، انھیں پھونک کر چونا بناتے ہیں جو پکّی عمارتوں کے بنانے میں کام آتا ہے۔ بعض قسم کی مٹی سے کپڑے اور مکانوں کی دیواریں وغیرہ رنگی جاتی ہیں۔ بعض دوا کے طور پر کھانے کے کام میں آتی ہیں۔ حضرت آدم علیہ السّلام مٹی ہی سے بنائے گئے تھے۔

پتھّر۔ بہت قسم کے ہوتے ہیں۔ اکثر سخت اور کم قیمت پتھّر مکانوں میں لگائے جاتے ہیں۔ بڑے بڑے محل، قلعے، مقبرے، مسجدیں، مینار اور دوسری عمارتیں ان سے بنتی ہیں، ستون ہیں تو پتھر کے، چھتیں ہیں تو وہ بھی پتھر کی ہیں، جدھر دیکھو پتھر ہی پتھّر لگے ہوئے نظر آتے ہیں، لکڑی کا کہیں نام ونشان نہیں۔ اس قسم کے مکان بہت پائدار ہوتے ہیں۔ سینکڑوں برس

শব্দার্থ : کنکر পাথর কণা, کوٹتے ہیں চূর্ণ করে দেয়, پھونک کر পুড়িয়ে, عمارت বিল্ডিং, دیوار দেয়াল, وغیرہ ইত্যাদি, سخت শক্ত, کم قیمت স্বল্প দামী,

---

অনুবাদ ॥ কোনটিতে অন্যান্য জিনিষ রাখা হয়। কোন কোনটি এমন সুন্দর হয় যে সেগুলো দ্বারা ঘর সাজানো হয়।

পাথরকুচিঃ পাথরকুচি যা সড়কের ওপর ভেঙ্গে দেয়া হয় তাও মাটি থেকেই সৃষ্টি হয়। তাকে পুড়িয়ে চূনা বানান হয়, যা পাকা বিল্ডিং নির্মাণে কাজে আসে। কোন কোন প্রকারের মাটি দ্বারা কাপড় এবং দেয়াল ইত্যাদি রং করা হয়। কোনটি ওষুধের ন্যায় খাওয়ার কাজে আসে। হযরত আদম (আ) কে মাটি দ্বারা ই সৃষ্টি করা হয়েছিল।

পাথরঃ পাথর অনেক প্রকারের হয়ে থাকে। অধিকাংশ শক্ত এবং কমদামী পাথর ঘরে লাগান হয়। বড় বড় অট্টালিকা, কেল্লা, কবর, মসজিদ, মিনার এবং অন্যান্য দালান তার দ্বারাই তৈরী হয়। খাম্বা হলে তা পাথরের, ছাদ বানাতে হলে তাও পাথরেরই হয়। যেদিকে তাকাও কেবল পাথরই পাথর লাগান নজরে আসে। কাঠের কোথাও কোন নাম- নিদর্শন নেই। এ ধরনের ঘর দীর্ঘস্থায়ী হয়।

تک جوں کے توں کھڑے رہتے ہیں۔ آٹا پیسنے کی چکیاں، دوائیں حل کرنے کی کھرلیں اور کونڈیاں بھی انہیں پتھروں کی ہوتی ہیں۔
نرم نرم پتھروں کو تراش کر خوبصورت خوبصورت چیزیں بناتے ہیں ان میں گلکاری اور پچی کاری کرتے ہیں، اُن سے امیر اپنے گھر سجاتے ہیں۔ بعض مکانوں میں بھی یہ پتھر لگائے جاتے ہیں اور ان میں پچی کاری کی جاتی ہے۔ یہ پچی کاری سنگ مرمر میں جو سُفید اور بیش قیمت پتھر ہوتا ہے بڑی بہار دیتی ہے۔
بعض پتھر دواؤں میں کام آتے ہیں اور ایک قسم کا پتھر ہے کہ اس کے چھوٹے چھوٹے ٹکڑوں کو کوئلوں میں ملا کر پکاتے ہیں تو سفید چونا بن جاتا ہے اس کو قلعی کا چونا یا سُفیدی کہتے ہیں۔ اُسے مکانوں کی دیواروں پر پھیرتے ہیں تو مکان سفید ہو جاتے ہیں اور بہت خوبصورت معلوم ہوتے

শব্দার্থ : چکی যাতা, حل চূর্ণ, کھرلیں নাদা, পশুকে খাদ্য দেয়ার পাত্র, کونڈیاں বড় পাত্র, تراش کر কেটে, خوبصورت সুন্দর, گلکاری ফুল সজ্জা, پچی کاری কারুকার্য, سنگ مرمر মরমর পাথর, بہار সৌন্দর্য, শোভা।

অনুবাদ ॥ শত শত বছর যেমন তেমন দাঁড়িয়ে থাকে। আটা পেষনের চাক্কি, ওষুধ চূর্ণ করার খুরলী (পাত্র) এবং কোন্ডা (আটা খামির করার বড় পাত্র) ঐ সব পাথর থেকেই হয়। নরম নরম পাথরকে কেটে সুন্দর সুন্দর জিনিষ বানায়। সেগুলোর মধ্যে শৈল্পিক কর্ম এবং কারুকার্য করা হয়। তার দ্বারা ধনীরা নিজেদের ঘর সাজায়। কোন কোন ঘরেও এ সব পাথর লাগান হয়। এবং তার মধ্যে কারুকার্য করা হয়। এ কারুকার্য মরমর পাথরে যা সাদা এবং মূল্যবান পাথর হয়ে থাকে বেশ চমৎকার দেখায়।

কোন কোন পাথর ওষুধে কাজে আসে। আর এক ধরনের পাথর আছে তার ছোট ছোট খন্ড কয়লার মধ্যে মিশিয়ে পাকান হলে সাদা চূনা হয়ে যায়, তাকে রাং চূনা বা সুফায়দী বলে। তাকে ঘরের দেয়ালে লাগান হলে বেশ সুন্দর অনুভূত হয়।

ہیں۔

بعض پتھر بڑے قیمتی ہوتے ہیں اُن کی شوخ رنگت اور چمک دمک دیکھ کر جی خوش ہو جاتا ہے۔ انگوٹھیوں کے نگینے تسبیحوں کے دانے اور بہت سی خوبصورت چیزیں ان کی بنتی ہیں۔ بادشاہوں کے تاج اور امیروں کے زیور ان سے جگمگا جاتے ہیں۔ انہیں شاندار مکانوں میں بھی لگاتے ہیں۔ اُن کی جگمگاہٹ دیکھ کر خدا کی قدرت یاد آتی ہے۔ اور بے اختیار سُبْحَانَ اللهِ مُنہ سے نکلتا ہے۔

نمک۔ تم روز نمکین کھانے کھاتے ہو۔ بتاؤ اُن کا مزہ نمکین کیوں ہوتا ہے؟ اِس لئے کہ ان میں نمک ڈالا جاتا ہے۔ اچھّا یہ بھی جانتے ہو کہ نمک کیا چیز ہے؟ اور کہاں سے آتا ہے؟ سنو! نمک بھی ایک قسم کا پتھر ہے۔ بعض پہاڑوں میں اس کی بڑی بڑی کانیں ہیں۔ پنجاب میں ہم تم جو نمک کھاتے ہیں یہ پہاڑ کی کان کا نمک ہے جو جہلم کے ضلع میں

শব্দার্থ : شوخ رنگت মনোহরী রং, چمک دمک চাকচিক্য, ঔজ্জ্বলতা, جی মন, نگینے চাদী, تاج মুকুট, شاندار বিলাস বহুল, ঐশ্বর্যময়, جگمگاہٹ ঔজ্জ্বল্য, চাকচিক্য, نمکین লবণাক্ত, کان খনি।

অনুবাদ॥ কোন কোন পাথর খুবই মূল্যবান হয়। সে সবের মনোহরী রং এবং ঔজ্জ্বলতা দেখে মন আনন্দিত হয়ে যায়। আঙটির নগিনা (চাঁদি), তাসবীহের দানা, এবং আরো অনেক সুন্দর সুন্দর জিনিষ তা দ্বারা তৈরী হয়। রাজা- বাদশাদের মুকুট, ধনীদের অলংকার তার দ্বারা চাকচিক্যময় করা হয়। ঐ গুলোকে ঐতিহ্যময় ঘরেও লাগান হয়। সে সবের ঔজ্জ্বলতা দেখে আল্লাহর মহিমা স্মরণ আসে এবং অনিচ্ছায় মুখ থেকে সুবহানাল্লাহ বের হয়ে আসে।

লবণঃ তোমরা প্রতি দিন লবণাক্ত খাদ্য খাও। বল দেখি এর স্বাদ লবণাক্ত হয় কেন? এ কারণে যে, তার মধ্যে লবণ দেয়া হয়। আচ্ছা! এ কি জান,লবণ কি জিনিষ? এবং কোথা থেকে আসে? শুন! লবণ ও এক প্রকার পাথর। কোন কোন পাহাড়ে এর বিশাল বিশাল খনি আছে। আমরা তোমরা যে লবণ খাই তা পাহাড়ী খনির লবণ, যা জাহলম জেলার পান্ড দাদন খান

پنڈ دادن خاں کے پاس ہے۔ لیکن ہر ایک جگہ ایسا نہیں کہیں یہ پانی
میں ملا ہوا بھی ہوتا ہے۔ اس صورت میں پانی کو دھوپ یا آگ سے
سکھا دیتے ہیں۔ نمک الگ ہو جاتا ہے۔ پھر اسے اپنے کام میں لاتے ہیں۔
یہ بھی ہمارے واسطے خدائے تعالیٰ کی دی ہوئی ایک بڑی نعمت ہے۔ یہ
نہ ہوتا تو ہمارے کھانے کیسے بے مزہ رہتے۔ نمک کھانوں میں صرف اس واسطے نہیں
ڈالتے کہ کھانے مزے دار ہو جائے۔ بلکہ اس کی بڑی وجہ یہ ہے کہ نمک سے
کھانا بہت جلد ہضم ہو جاتا ہے۔ اس کے سوا نمک اور بھی بہتیری ضرورتوں
میں کام آتا ہے۔ چورن اور ہاضمے کی گولیاں بناتے ہیں۔ مویشیوں کو دوا
کے طور پر کھلاتے ہیں۔ بعض چیزوں کو مدت تک رکھتے ہیں۔ یہ خوف
ہوتا ہے کہ سڑ نہ جائیں انہیں نمک لگا کر رکھ چھوڑتے ہیں۔ وہ سڑنے
نہیں پاتے۔ کبھی نمک کو آگ میں پکا کر مٹی کے برتنوں پر چڑھاتے ہیں۔

শব্দার্থ : , الگ ভিন্ন, مزیدار সুস্বাদু, মজাদার, سوا ব্যতিত, مدت দীর্ঘদিন, سڑنے পঁচতে, خوف ভয়।

অনুবাদ ॥ এর নিকটবর্তী। কিন্তু প্রত্যেক জায়গা এমন নয়। কোথাও তা পানির সাথেও মিশ্রিত থাকে। সে ক্ষেত্রে পানিকে রোদে বা আগুনে শুকিয়ে ফেলা হয়, তখন লবণ আলাদা হয়ে যায় তারপর তাকে কাজে লাগান হয়। এটাও আমদের জন্যে আল্লাহ্ তা'আলার প্রদত্ত এক বড় নে'আমত। এ না হলে আমাদের খাদ্য কেমন স্বাদহীন থাকত? লবণ খাদ্যের মধ্যে শুধু এ জন্যেই দেয়া হয় না যে, এর দ্বারা খাদ্য সুস্বাদু হয় বরং এর বড় কারণ এই যে, লবণ দ্বারা খাদ্য শিঘ্র হজম হয়ে যায়। এছাড়াও লবণ আরো অনেক প্রয়োজনে কাজে আসে। চুরণ (গুড়া-পাউডার বিশেষ), এবং হজমী গুলি বানান হয়। গৃহপালিত পশুকে ওষুধের পর্যায়ে খাওয়ান হয়। কোন কোন জিনিষকে দীর্ঘ দিন রাখতে হয়, সেক্ষেত্রে তা পঁচে যাওয়ার ভয় হয়, তাতে লবণ মাখিয়ে রাখলে আর পঁচে না। কখনো লবনকে (পানির সাথে মিশিয়ে) আগুনে জ্বালিয়ে মাটির পাত্রে লাগান হয়।

وہ بہت صاف اور چمکیلے بن جاتے ہیں اور اپنی خوبصورتی کے سبب
بڑی قیمت پاتے ہیں۔

لوہا- اللہ تعالیٰ نے ہمارے واسطے جتنی دھاتیں بنائی ہیں، ان میں
سے لوہا سب سے زیادہ کام آتا ہے، اسی واسطے اگر اس کو دھاتوں کا بادشاہ
کہیں تو بجا ہے۔ دیکھو! اس سے کتنی ہی کام کی چیزیں بنتی ہیں، قلم بنا
نے کا چاقو ہے تو اسی کا، کاغذ اور کپڑا کترنے کی قینچی ہے تو اسی کی،
گوشت کاٹنے کی چھری، درخت کاٹنے اور لکڑیاں چیرنے کی کلہاڑی
اور آرہ ہے تو لوہے کا، کاغذ نتھی کرنے اور کپڑا سینے کی سوئی ہے تو
لوہے کی۔ کھانا پکانے کے واسطے جن چیزوں کی ضرورت ہوتی ہے اُن میں
سے بہتیری اسی کی بنتی ہیں، توا ہے تو لوہے کا۔ کڑھائی ہے تو لوہے کی۔
ہاون دستہ، دستپناہ، اور انگیٹھی ہے تو اسی کی۔ مکانوں کو دیکھو تو دروازے
کی کیلیں اور میخیں جڑ کر بناتے ہیں۔ کنڈیاں، زنجیریں اور قفل بھی

শব্দার্থ : دھاتیں ধাতব বস্তু, بجا যথার্থ, کترنا কাটা, کلہاڑی কুড়াল, آرہ করাত, توا তাওয়া, کڑھائی কড়াই, ہاون دستہ হামানদিস্তা, دست پناہ চিমটা, انگیٹھی/ অঙ্গারদানী, کیل বড় পেরেক, میخ পেরেক, کنڈی শিকল, زنجیر শিকল, জিঞ্জির, قفل তালা।

অনুবাদ॥ ফলে তা খুব পরিষ্কার ও ঝকঝকে হয়ে যায় এবং নিজ সৌন্দর্যের কারণে অনেক মূল্য পায়।

লোহাঃ আল্লাহ তা'আলা আমাদের জন্যে যত ধাতু বানিয়েছেন সে সবের মধ্যে লোহা সব চেয়ে বেশী কাজে আসে। এ কারণে তাকে যদি ধাতুরাজ বলা হয় তাহলে তা যথার্থ হবে।

দেখ! তার দ্বারা কত কাজের জিনিষ তৈরী হয়। কলম বানানোর চাকু তা লোহার, কাপড় কাটার কেঁচি তাও এ থেকে, গোশত কাটার ছুরি, গাছ কাটার এবং কাঠ ফাড়ার কুড়াল ও করাত তাও লোহার, কাগজ নথি করার এবং কাপড় সেলায় করার সুঁই তাও লোহার, খানা পাকানোর জন্যে যে সব জিনিষের দরকার হয় তা অধিকাংশই লোহা থেকেই তৈরী হয়। তাওয়া হলে তা লোহার, কড়াই হলে তা লোহার, হামান দিস্তা, চিমটা এবং কয়লাদানী (এ্যাস্ট্রে) তাও এ থেকে, ঘরের দিকে যদি দেখ তাহলে তার দরজাকে পেরেক, তারকাটা জুড়ে তৈরী করা হয়। কাড়া, শিকল এবং তালাও থেকে তৈরি করা হয়।

اسی کے بناتے ہیں۔ صندوقوں، بگھیوں، گاڑیوں، کشتیوں جہازوں
اور دیگر ہزاروں چیزوں میں لوہا ہی لگتا ہے۔ کسانوں لوہاروں اور بڑھیوں
کے اوزار ہیں تو اسی کے بنے ہوئے بلکہ لوہار تو اسی کی بدولت روزی
کماتے ہیں۔ آپ کھاتے ہیں اوروں کو کھلاتے ہیں۔ ریل جو دم بھر
میں کہیں سے کہیں لے جاتی ہے وہ تو گویا لوہے کی ہی بنتی ہے۔
اس کی سڑک ہے تو لوہے کی۔ گاڑیوں کے پہیے ہیں تو لوہے کے انجن
ہے تو لوہے کا۔ کہیں دریاؤں پر پل بنے ہیں تو وہ بھی لوہے کے۔ غرض
ہمارے کام کی جتنی چیزیں ہیں اُن میں شاید ہی کوئی ایسی ہوگی جس
میں لوہے کی ضرورت نہ پڑتی ہو۔ خدائے تعالیٰ کی مہربانی دیکھو، لوہا
ہماری اتنی ضرورتوں میں تو کام آتا ہے جن کا شمار نہیں ہو سکتا۔ اور پھر
بھی چاندی سونے کی طرح مہنگا نہیں بہت سستا ہے۔ اگر مہنگا ہوتا تو

শব্দার্থ : صندوق বাক্স, সিন্দুক, کشتی নৌকা, کسان কৃষক, بڑھی কামার, دم بھر میں মুহূর্তের মধ্যে, گویا কেমন যেন, سڑک সড়ক, রাস্তা, پہیے চাকা, شاید সম্ভবত (কম অর্থে) شمار গণনা, পরিসংখ্যান, پھر بھی তথাপি, مہنگا উচ্চ মূল্যবান, চড়া।

অনুবাদ ॥ সিন্দুক, ঘোড়ার গাড়ী, বড় গাড়ী, নৌকা, জাহাজ, এবং অন্যান্য হাজার হাজার জিনিষে লোহা দরকার হয়। কৃষক, কামার ও কাঠমিস্ত্রিদের সরঞ্জাম (হাতিয়ার) হলে তা লোহা থেকে তৈরী হয়। বরং কামার তো লোহার সাহায্যেই উপার্জন করে। নিজে খায় এবং অন্যদেরকে খাওয়ায়। রেলগাড়ী যা মুহূর্তের মধ্যে কোথা থেকে কোথায় নিয়ে যায় তা তো কেমন যেন লোহা দ্বারাই তৈরী হয়। রেল লাইন তাও লোহার, গাড়ীর চাকা তাও লোহার, ইঞ্জিন হলে তা লোহার, কোথাও নদীর ওপর পুল নির্মিত হলে তাও লোহার, মোটকথা আমাদের কাজের যত জিনিষ আছে সে সবের মধ্যে নিতান্ত কমই এমন জিনিষ থাকে যার মধ্যে লোহার প্রয়োজন পড়ে না। আল্লাহ তা'আলার অনুগ্রহ দেখ! লোহা আমাদের এত প্রয়োজনে কাজে আসে যা গণনা করে শেষ করা যায় না তথাপি সোনা- রূপার ন্যায় চড়া মূল্যের নয়। খুবই সস্তা। যদি চড়া মূল্যের

بڑی مشکل پڑتی۔
چاندی۔ تم نے دونیاں، چونیاں، اٹھنیاں اور روپے دیکھے ہیں کیسے سفید سفید خوبصورت ہوتے ہیں۔ یہ سب چاندی ہی کے بنتے ہیں۔ چاندی ہماری بہتیری ضرورتوں میں کام آتی ہے۔ دیکھو! ہم روپے، دونیاں، چونیاں دیتے ہیں اور ان کے عوض اپنی ضرورت کی چیزیں مول لیتے ہیں، بعض امیر لوگ اس کے برتن بھی بناتے ہیں مگر ہم مسلمان چاندی کے برتنوں کو کام میں لانا حرام سمجھتے ہیں، کیونکہ ان سے غرور اور فخر کی بُری عادت پیدا ہوتی ہے۔ دوسرے کو حقیر جاننے کا بُرا خیال آدمی کے دل میں سما جاتا ہے۔ ہندو اور دوسری قومیں اس کے چمچے، کٹورے، رکابیاں، تھالیاں اور دوسرے برتن بناتے ہیں ہندوؤں کے ہاں چھوت کا بڑا خیال ہے۔ ایک ہندو کسی برتن میں کھائے پئے تو دوسرا مانجھے بغیر اس میں نہیں کھاتا پیتا،

শব্দার্থ : دونیان দু আনি, چونیاں চার আনি, روپے টাকা, عوض বিনিময়, পরিবর্তে, مول لیتے কিনে নেই, کیونکہ কেননা, غرور অহংকার, فخر গর্ব, بری عادت কুঅভ্যাস, حقير তুচ্ছ, অবজ্ঞা, سما جاتا هے বদ্ধমুল হয়ে যায়, کٹورے গ্লাস, পান পাত্র, رکابي পেয়ালা।

অনুবাদ॥ হত তাহলে বড়ই মুশকিল হত।

রূপাঃ তোমরা (আগের) দু'আনা, চার আনা, আঠ আনা, এবং কাচা টাকা দেখেছ। কেমন সাদা সাদা, সুন্দর হয়ে থাকে। এ সবই রূপা থেকে তৈরী হয়। রূপা আমাদের অনেক কাজে আসে। দেখ! আমরা টাকা, দু আনা, চার আনা দেই আর তার পরিবর্তে নিজ প্রয়োজনের সামগ্রী ক্রয় করে নেই। কোন ধনী মানুষেরা রূপার দ্বারা পাত্র ও বানায়। কিন্তু আমরা মুসলমানেরা রূপার পাত্রকে কাজে লাগানকে হারাম জানি। কারণ এর দ্বারা অহংকার ও গর্ব সৃষ্টি হয়। অন্যকে তুচ্ছ জানার কু ধারণা মানুষের হৃদয়ে বদ্ধমূল হয়। হিন্দু এবং অন্যান্য জাতি তার দ্বারা চামচ, গ্লাস,পেয়ালা, থালা- বাসন, এবং অন্যান্য পাত্র বানায়। হিন্দুদের সমাজে ছুত লাগার প্রতি খুবই লক্ষ তাকে, এক হিন্দ কোন পাত্রে খেলে অন্য কেউ তা না ধুয়ে তার মধ্যে খায় না।

مگر چاندی کے برتن میں اُن کے ہاں چھوت نہیں۔ جو چاہے بے دُھوئے
اس میں کھائے پیئے۔ ہمارے ہاں کسی کا جھوٹا کھا لینا کچھ بُری بات نہیں
بلکہ ثواب کا کام ہے۔ اس سے آپس میں محبّت بڑھتی ہے۔ اِتّفاق پیدا ہوتا ہے
اور اگر ایک دوسرے کے ساتھ مل کر نہ کھائیں تو دل میں نفرت بیٹھتی
ہے جو انسان کے لئے بہت بُری بات ہے ہاں اگر کسی کے ساتھ کھانے کو
جی نہ چاہے تو نہ کھائے اور اس سے اس طرح جُدا ہو جائے کہ اس کے دِل پر
میل نہ آئے۔

برتنوں اور سکّوں کے علاوہ چاندی کے زیور بھی بنتے ہیں۔ انگوٹھی، چھلّے
، بالیاں، پتّے، پہنچیاں، کڑے، چوڑیاں تعویذ، ہیکلیں اور اس کے قِسم
قِسم کے زیور عورتیں پہنتی ہیں، مردوں کو ان کا پہننا منع ہے۔ کیونکہ مرد
اکثر محنت کے کام کرتے ہیں اس میں ٹوٹ پھوٹ کر ضائع ہو جانے کا اندیشہ ہے
ہمارے رسول کریم صلی اللہ علیہ و آلہ وسلّم نے جو مسلمان مردوں کو زیور پہننے

শব্দার্থ : چھوت ছূত, অস্পৃশ্য, بلکہ বরং, آپس পরস্পর, اتفاق ঐক্য, نفرت ঘৃণা, میل ময়লা,কলুষ, علاوہ ব্যতিত, چھلے নুপুর, بالیاں কানের দুল, বালা, پہنچیاں লকেট (নিদর্শনী), کڑے রিং, বায়লা (বৃত্ত), ہیکل তাবিজ বিশেষ, প্রতিমা, ضائع নষ্ট, اندیشہ আশংকা।

অনুবাদ॥ কিন্তু তাদের নিকট রূপার পাত্রে কোন ছূত নই। কেউ চাইলে ধোয়া ছাড়াই তাতে পানাহার করতে পারে। আমাদের কাছে কারো ঝুটা (উচ্ছিষ্ট) খাওয়া কোন দোষের কথা নয় বরং সওয়াবের কাজ। এর দ্বারা পরস্পরে মহব্বত বৃদ্ধি পায়। ঐক্য সৃষ্টি হয়। আর যদি একে অপরের সাথে একত্রে না খায় তাহলে অন্তরে ঘৃণা বদ্ধমূল হয়, যা মানুষের জন্যে খুবই খারাপ কথা। হ্যা! যদি কারো সাথে খেতে মনে না চায় তাহলে খাবে না। আর তার থেকে এমনভাবে পৃথক হয়ে যাবে যাতে তার অন্তরে রেখাপাত না করে।

পাত্র এবং মুদ্রা ছাড়া রূপার অলংকারও তৈরী হয়। আংটি, নুপুর, কানের বালা, নাকফুল, বাহুবন্ধনী (হাতলী), চুড়ি, তাবীজ, মুর্তি এবং এ জাতীয় বিভিন্ন রকমের অলংকার মহিলারা পরিধান করে। পুরুষের জন্যে এ সব পরিধান করা নিষেধ। কেননা পুরুষেরা সাধারণত কষ্টের কাজ করে। এতে তা ভেঙ্গে চুরে নষ্ট হয়ে যাওয়ার আশংকা থাকে। আমাদের রাসূলে করীম (সা) যিনি মুসলমান পুরুষদেরকে অলংকার পরতে

سے منع فرمایا ہے، تو اس کی ایک وجہ یہی معلوم ہوتی ہے، ہاں قاضی یا کوئی اور معزز آدمی اپنی انگوٹھی بنائے تو مضائقہ نہیں۔ اس کے تار سے گوٹا، کناری ٹھپا، گوکھرو، توئی، سلمہ، ستارہ، کرن، کلابتوں بناتے ہیں۔ بعض لوگ چاندی کے بٹک اور بوتام بھی بناتے ہیں۔

جو برتن اور زیور چاندی کے نہ ہوں اُن پر چاندی کا پانی چڑھاتے ہیں۔ اسے مُلَمَّع کا گلٹ کرانا کہتے ہیں۔ آج کل مُلمّع کرنے کا بہت دستور ہے۔ لوہے، تانبے اور پیتل کے برتنوں اور زیوروں پر چاندی یا سونے کا ملمع کر لیتے ہیں وہ بہت خوبصورت ہو جاتے ہیں اور بالکل چاندی سونے ہی کے معلوم ہوتے ہیں کبھی بدمعاش لوگ ناواقف لوگوں کے ہاتھ انہیں چاندی سونے کے بھاؤ بیچ ڈالتے ہیں جس سے ان بیچاروں کا بڑا نقصان ہوتا ہے۔ ایسی دغابازی کے کاموں سے ہمیشہ بچنا چاہئے۔

শব্দার্থ : قاضی বিচারক, معزز সম্ভ্রান্ত, مضائقہ ক্ষতি, گوٹا লেস, کناری পাড়, ٹھپا সিল মোহর, ডাইস, گوکھرو কানের অলংকার, ত্রিকোণ কাটা, توئی ওড়নার,লেস, سلمہ জরি, ستارہ আঁচলী তারা, کرن রূপালী তার, کلابتوں চুমকী (জরি) ملمع গিল্টি, নিকেল কৃত, دستور প্রচলন, ناواقف অনবগত, بھاؤ দাম।

অনুবাদ॥ নিষেধ করেছেন তার একটা কারণ এটাই মনে হয়। হ্যা! বিচারক বা অন্য কোন সম্ভ্রান্ত ব্যক্তি যদি নিজের জন্যে আংটি বানায় তাহলে তাতে কোন ক্ষতি নেই। রূপার তার দ্বারা ফিতা, জরির পাড়, সিল মোহর, চুলের কাটা (বা কানের দুল) ওড়নার লেস, (জুতা ও পোশাকের) ফুল, (অলংকার ও পোশাক ইত্যাদির) তারকা (ষ্টার), বটা তার, পাড়ের জরি বানায়।

যে পাত্র বা অলংকার রূপার না হয় তার ওপর রূপার পানি লাগান হয় তাকে ইমিটেশন (গিল্টি) করা বলে। আজকাল ইমিটেশন করানোর বেশ প্রচলন রয়েছে। লোহা, তামা এবং পিতলের পাত্র এবং অলংকারের ওপর রূপা বা সোনার নিকেল করে নেয়। তা খুব সুন্দর হয়ে যায় এবং সম্পূর্ণ রূপা বা সোনারই মনে হয়। কখনো দুষ্ট লোকেরা অনবগত মানুষের হাতে সোনা রূপার দামে বিক্রি করে ফেলে। যার দ্বারা ঐ সকল বেচারাদের বেশ ক্ষতি হয়। এ ধরণের ধোকাবাজির কাজ থেকে সর্বদা বিরত থাকা চাই।

چاندی کے باریک ورق بھی بنائے جاتے ہیں وہ اکثر دواؤں میں پڑتے ہیں اُن سے بیمار کو فرحت اور قوت حاصل ہوتی ہے تکلّف کے کھانے پر بھی لگائے جاتے ہیں کبھی کبھی حلوائی بھی مٹھائیوں پر لگاتے ہیں جو اس سے بڑی خوبصورت معلوم ہوتی ہے۔

گھڑیاں جن سے وقت معلوم کیا جاتا ہے اُن کے ڈھکنے بھی چاندی کے ہوتے ہیں مگر اُن کی چاندی خالص نہیں ہوتی اس میں پیتل تانبا اور جست ملا ہوا ہوتا ہے۔ اُسے جرمن سلور یا جرمن کی چاندی کہتے ہیں۔ گھڑیوں کے ڈھکنوں کے سوا بہت سے برتن اور چمچے بھی اس کے بنتے ہیں۔

یہ سونے کے سوا اور سب دھاتوں پر بیش قیمت ہے۔ اسی لئے جن لوگوں کے چاندی یا اس کے سکے یا زیور بہت ہوتے ہیں۔ اور ایسے آدمی اور لوگوں کی نسبت خوش حال ہوتے ہیں اُن کو چاہئے کہ جو لوگ غریب ہوں اور جنہیں کھانے پینے کو نہ ملے یا جن کے پاس ضروری حاجتوں کے واسطے

শব্দার্থ : باریک চিকন, ورق পাত, فرحت আনন্দ, تکلف লৌকিকতা, আড়ম্বরপূর্ণ অর্থে, حلوائ মিষ্টি ব্যবসায়ী, گھریاں ঘড়ি, خالص খাঁটি, تانبا তামা, جست কাসা, سلور সিলভার, هاں কাছে, مالدار ধনী, نسبت তুলনা, সম্পর্ক, خوش حال স্বাচ্ছন্দময়, সূখী।

অনুবাদ॥ রুপার চিকন পাতও বানান হয়। তা অধিকাংশ ক্ষেত্রে ওষুধে ব্যবহৃত হয়। এর দ্বারা রোগীর আনন্দ ও শক্তি লাভ হয়। জৌলুসপূর্ণ খাবারে ও লাগান হয়। কখনো কখনো মিষ্টি বিক্রেতারা মিষ্টির ওপর লাগায়। যা এর দ্বারা বড়ই সুন্দর মনে হয়। ঘড়ি যার দ্বারা সময় নির্ণয় করা হয় তার ঢাকনাও রূপার হয়ে থাকে। তার মধ্যে পিতল, তামা, এবং কাসা মিশ্রিত হয়। তাকে জার্মান সিলবার বা জার্মানী চান্দি বলা হয়। ঘড়ির ঢাকনা ছাড়াও বহু পাত্র এবং চামচও তার থেকে তৈরী হয়।

এটা সোনা ছাড়া অন্যান্য সকল ধাতুর মধ্যে সব চেয়ে বেশী মূল্যবান। এ কারণে যে সকল লোকের কাছে রূপা বা তার মুদ্রা অথবা অলংকার থাকে তাদরকে সম্পদশালী বলে বুঝা হয় এবং এ ধরণের মানুষ অন্যান্য মানুষের তুলনায় স্বাচ্ছন্দময় হয়। তাদের উচিৎ যে, যারয দরিদ্র এবং যাদের খানাপিনা মিলেনা অথবা যাদের কাছে জরূরী প্রয়োজনের জন্যে কোন সামগ্রী না থাকে

کچھ سامان نہ ہو اُن کی مدد کریں۔ یہی سبب ہے کہ خدائے تعالیٰ نے
اسلام میں چاندی، سونے اور دوسری دولت کی چیزوں کی مُعیّن
مِقدار پر زکوٰۃ فرض کی ہے۔ اس کی وجہ اور فائدے انشاءاللہ کسی کتاب
میں اچھی طرح بیان کئے جائیں گے۔

سونا۔ چاندی کی طرح سونے سے بھی سکّے، زیور، برتن گھڑیاں اور
دوسری چیزیں بنتی ہیں اسی کی طرح اس کے ورق بھی کام آتے ہیں۔
چاندی سے زیادہ مفرّح اور مقوّی ہوتے ہیں، اس کے پانی سے بھی ملمّع
کرتے ہیں۔ چاندی کے تار پر تھوڑا سا سونا چڑھا دیتے ہیں اور اس
کا بہت لمبا چپٹا سا تار بنا لیتے ہیں۔ اُسے بادلہ کہتے ہیں اس سے بہت
سی طرح کا گوٹا کناری اور کلابتوں بناتے ہیں جیسے مردوں کو سونے چاندی
کا زیور پہننا منع ہے، ویسے ہی گوٹا، ٹھپّا، ٹوپی اور کپڑوں پر لگانا
معیوب ہے۔ جن چیزوں کی ایک معیّن مقدار پر زکوٰۃ فرض ہے اور
جس کا بیان چاندی کے ذکر میں پڑھ چکے ہو اُن میں سے ایک سونا بھی ہے۔

শব্দার্থ : مقدار পরিমান, وجہ কারণ, فائدہ উপকারীতা, سکے মুদ্রা, ورق পাত, مفرح আনন্দদায়ক, مقوی শক্তিবর্দ্ধক, ملمع নিকেল, گوٹا লেইস, کناری পাড়, کلابتوں কানের দুল, معیوب দোষনীয়, مصنوعی আবিষ্কৃত, তৈরী কৃত।

অনুবাদ ॥ তাদের সাহায্য করবে। এটাই কারণ যে, আল্লাহ তা'আলা ইসলামে সোনা-রূপা এবং অন্যান্য জিনিষের নির্দিষ্ট পরিমাণের ওপর যাকাত ফরয করেছে। তার কারণ এবং উপকারীতা ইনশাআল্লাহ সামনের কোন কিতাবে উত্তমরূপে বর্ণনা করা হবে।

সোনাঃ রূপার ন্যায় সোনা দ্বারা ও মুদ্রা, অলংকার, পাত্র, ঘড়ি এবং অন্যান্য জিনিষ তৈরী হয়। রূপার ন্যায় এর পাতও কাজে আসে। রূপার দ্বারা বেশীরভাগ আনন্দদায়ক ও শক্তিশালী ওষুধ তৈরী হয়ে থাকে। এর পানি দ্বারা ও নিকেল করা হয়। রূপার তারে সামান্য সোনা লাগিয়ে দেয় হয় এবং তার দ্বারা অনেক লম্বা চওড়া ধরণের তার বানিয়ে নেয়। একে বাদলা বলে। এর দ্বারা অনেক ধরণের পাড়, জরি (যা রেশমের সাথে বুনন করা হয়) বানান হয়। পুরুষের জন্যে যেরূপ সোনা-রূপা পরা নিষেধ তদরূপ পাড়, খাড়ু, টুপী এবং কাপড়ে লাগান দোষনীয়। যেসব জিনিষের এক নির্দিষ্ট নিসাবের যাকাত ফরয ও যার বিবরণ রূপার আলোচণার মধ্যে পড়েছ সেগুলোর মধ্যে সোনাও একটি।

مصنوعی چیزیں

حیوانات نباتات اور جمادات جن کا حال تم نے پڑھا جن کے فائدے
تم نے سُنے، خدا تعالیٰ نے اُن کے پیدا کرنے سے جو مہربانی ہم پر کی، اس
کو سمجھے یہ سب قدرتی چیزیں کہلاتی ہیں۔ جو چیزیں آدمیوں نے خدائے تعالیٰ
کی پیدا کی ہوئی چیزوں سے بنائی ہیں، وہ مصنوعی کہلاتی ہیں۔ ان میں
سے کچھ چیزوں کا تھوڑا تھوڑا حال اور ان کے فائدے تم قدرتی چیزوں
کے بیان میں پڑھ چکے ہو۔ اب ہم ایک اور مصنوعی چیز کا حال اور اس کے
فائدے بیان کرتے ہیں جو دنیا میں بہت ہی نرالی اور عجیب ہے۔ وہ کیا

ریل۔
تم نے دیکھا ہوگا کہ ریل بہت تیز چلتی ہے ابھی اتنی دُور تھی کہ نظر بھی
نہیں آتی تھی، ابھی آن کی آن میں ہمارے پاس آگئی اور اس زور سے

আবিষ্কৃত বস্তুসমূহ

শব্দার্থ : کہلاتی ہے বলা হয়, قدرتی প্রাকৃতিক, نرالی অনন্য, ব্যতিক্রম, تیز দ্রুত, آن মুহূর্ত, নিমিষে।

অনুবাদ॥ জীব, উদ্ভিদ এবং জড় বস্তু যে সবের অবস্থা তোমরা পড়ে এসেছে, যে সবের উপকারীতা তোমরা শুনেছ, আল্লাহ তা'আলা সেগুলো সৃষ্টি করার দ্বারা যে অনুগ্রহ আমাদের ওপর করেছেন তা বুঝেছ এসবগুলোকে প্রাকৃতিক বস্তু বলে। আর যে সব জিনিষকে মানুষে আল্লাহ তা'আলার সৃজিত বস্তু থেকে বানায় সেগুলোকে আবিষ্কৃত বস্তু বলে। আবিষ্কৃত বস্তুর মধ্য হতে কিছু জিনিষের সামান্য সামান্য অবস্থা এবং সে সবের উপকারীতা বর্ণনা করছি।

বর্তমান বিশ্বে যা বেশী বিস্ময়কর ও আশ্চার্যজনক তা কি? তা হল রেলগাড়ী (তখনকার কথা)। এইমাত্র এত দূরে ছিল যে, নজরে আসছিল না, আর এখনই চোখের নিমিষে আমাদের নিকটে চলে এসেছে এবং এতো দ্রুত

ہمارے آگے سے نکل گئی کہ ہم اس پر آنکھ بھی نہیں ٹھہرا سکے اگر وہ رستے
میں کہیں نہ ٹھہرے تو گھنٹہ بھر میں اسّی میل چلی جائے، مگر ایسا نہیں ہوتا
سات آٹھ کوس پر اسٹیشن ہوتا ہے۔ وہاں اتنی دیر ٹھہرتی ہے کہ جس کو
اترنا ہو اتر جائے اور جس کو سوار ہونا ہو، سوار ہولے۔

ریل بوجھ ڈھوتی ہے، ہمیں ایک جگہ سے دوسری جگہ پہنچاتی ہے،
بڑے آرام سے لے جاتی ہے دم بھر میں کہیں کی کہیں نکل جاتی ہے۔ پہلے
یہ بات نہ تھی، جب کبھی دُور جانا ہوتا تھا راہ میں مہینوں گذر جاتے
تھے، چور چکار کا ڈر ہر وقت رہتا تھا، تکلیفیں جُدا اٹھاتے تھے، کرایہ
بھی زیادہ لگتا تھا۔ اسباب کے خراب ہونے کا ہر وقت فکر رہتا تھا اور
جنگلوں میں پانی نہ ملنے سے جانیں ضائع ہو جاتی تھیں، اب آرام سے
ریل گاڑی میں بیٹھ جاتے ہیں، اسباب بھی اسی میں لاد لیتے ہیں گاڑیاں
کیا ہیں، خاصے گھر کے کمرے ہیں، مینہ برسے یا آندھی چلے، گرمی پڑے

শব্দার্থ : آنکھ চোখ, দৃষ্টি, کوس ক্রোশ (২মাইল দুরত্ব), ڈھوتی ہے বহন করে, کرایہ ভাড়া, فکر চিন্তা, ضائع বিনষ্ট, خاصے সম্পূর্ণ آندھی ঝড়-তুফান।

অনুবাদ॥ আমাদের কাছ থেকে বের হয়ে গেছে যে, আমরা তার ওপর দৃষ্টি ও স্থির করতে পারিনি। যদি তা রাস্তায় কোথাও না থামে তাহলে ঘন্টায় আশি মাইল যেতে পারে। (বর্তমান ৫০০কিলো মিটার গতি সম্পন্ন ট্রেন আছে)। কিন্তু এমন হয় না। সাত আট মাইল পর পর স্টেশন থাকে। সেখানে এ পরিমান থামে যাতে যার নামার দরকার সে নামতে পারে, আর যার চড়ার দরকার সে চড়তে পারে।

রেলগাড়ী মাল বহন করে, আমাদেরকে এক জায়গা হতে আরেক জায়গায় পৌছে দেয়। বড়ই আরামের সাথে নিয়ে যায়। মুহূর্তের মধ্যে কোথা থেকে কোথায় বের হয়ে যায়। আগে এ জিনিষটি ছিল না। তখন কোথাও দূরে যেতে হলে পথে মাসকে মাস কেটে যেত। চোর ডাকাতের ভয় সব সময় থকত। ভিন্ন কষ্টভোগ করতে হত। ভাড়াও বেশী লাগত। জিনিষপত্র নষ্ট হওয়ার সব সময় চিন্তা থাকত এবং নির্জন প্রান্তরে পানি না পাওয়ার কারণে জীবন নাশ হয়ে যেত। এখন আরামের সাথে রেলগাড়ীতে বসে যায়। মাল-সামগ্রীও তার মধ্যে চাপান হয়। গাড়ী-বগীগুলো কি? খাছ ঘরের কামরার ন্যায়। বৃষ্টিপাত হোক বা তুফান চলুক, গরম পড়ুক

یا سردی، دن ہو یا رات اُن میں ہر وقت آرام سے بیٹھے چلے جاؤ،
نیند آئے تو مزے سے سو رہو۔ ہر اسٹیشن پر پانی اور کھانے پینے کی
چیزیں موجود جو جی چاہے لے کر کھاؤ ذرا بھی تکلیف نہیں اور ضرورتوں
کے لئے بھی پورا پورا انتظام ہے۔ جس چیز کی حاجت ہو، پوری ہو سکتی
ہے غرض بڑے آرام کی سواری ہے اور کوئی سواری اُس کو نہیں پہنچتی۔
ریل میں بہت سی گاڑیاں ہوتی ہیں، وہ بڑے بڑے کنڈوں سے
ایک دوسرے کے ساتھ جکڑی رہتی ہیں جو سب سے پہلی گاڑی ہوتی ہے
وہ سب گاڑیوں کو کھینچے لئے جاتی ہے اس میں بہت سی کلیں ہوتی ہیں
اس کو انجن کہتے ہیں اس میں آگ جلانے کے واسطے ایک بڑا تنور سا ہوتا
ہے جس کے ساتھ ہی ایک حوض پانی کا بھرا رہتا ہے اور جس طرح آدمی کے
بدن میں رگیں ہوتی ہیں اسی طرح اس حوض میں سے کئی نلیاں نکلتی ہیں۔
حوض کا پانی آگ سے تپ کر بھاپ بن جاتا ہے۔ یہ بھاپ ان نلیوں میں

শব্দার্থ : نیند ঘুম, নিদ্রা। انتظام ব্যবস্থা, کنڈوں শিকল, جکڑی সংযুক্ত, کلیں মেশিন, تنور চূলা, رگیں শিরা উপশিরা, نلیاں পাইপ, নল, بھاپ বাষ্প।

অনুবাদ॥ বা শীত, দিন হোক বা রাত তার মধ্যে সব সময় আরামে বসে চলে যাও। ঘুম আসলে আরামে শুয়ে থাক। প্রত্যেক ষ্টেশনে পানি ও পানাহারের জিনিষ মজুদ। যা মনে চায় নিয়ে খাও। একটুও কষ্ট নেই। এবং জরুরত সারার ও পূর্ণ ব্যবস্থা রয়েছে। যে জিনিষের দরকার হয় তা পূর্ণ হতে পারে। মোটকথা বড়ই আরামের সোয়ারী। অন্য কোন সোয়ারী (বাহন) এর ন্যায় নয়।

রেলের মধ্যে বেশ ক'টি বগি থাকে। সেগুলো বড় বড় শিকলের মাধ্যমে একটি অপরটির সাথে সংযুক্ত থাকে। যেটা সর্বপ্রথম গাড়ী হয় সেটি সকল গাড়ীকে টেনে নিয়ে যায়। তার মধ্যে অনেকগুলো মেশিন থাকে। তাকে ইঞ্জিন বলে। ইঞ্জিনের মধ্যে আগুন জ্বালানোর জন্যে বড় চূলা থাকে। যার সাথেই একটা হাউজ পানি ভর্তি থাকে। আর যেভাবে মানুষের শরীরের মধ্যে শিরা-উপশিরা থাকে তদরূপ এ হাউজ থেকে কতগুলো পাইপ বের হয়। হাউজের পানি আগুনে উত্তপ্ত হয়ে বাষ্প হয়ে যায়। এ বাষ্প ঐ সব পাইপ দ্বারা

چلی آتی ہے اور انجن کے پہیوں کے چکر دینے والے پُرزے کو بڑے زور سے پھراتی ہے، مگر یاد رکھو کہ بھاپ کے زور سے انجن کے پہیوں کو پھرانا نہ پھرانا ہمارے اختیار میں ہے۔ کیونکہ اس میں ایک کل ایسی لگی رہتی کہ جب انجن کو ہم چلانا چاہتے ہیں تو اسے دبا دیتے ہیں، بھاپ زور کرکے انجن کے پہیوں کو حرکت دیتی ہے اور وہ چل پڑتا ہے اس کے ساتھ ہی ساری گاڑیاں بھی چلنے لگتی ہیں۔ جب اُسے ٹھہرانا چاہتے ہیں تو اسی کل کو دوسری طرف کو دبا دیتے ہیں اب بھاپ کا زور انجن کے پہیوں سے ہٹ جاتا ہے اسی واسطے وہ حرکت نہیں کرسکتے اور انجن ٹھہر جاتا ہے۔

শব্দার্থ : پہیوں , চাকা, چکر ঘুর্ণন, ٹھہرانا থামান, ہٹ جاتا ہے সরে যায়।

অনুবাদ ॥ চলে আসে এবং ইঞ্জিনের ঘুর্ণনকারী পার্টস (অংশ)গুলোকে খুব জোরে ঘুরায়। কিন্তু মনে রেখ যে, বাষ্পের সাহায্যে ইঞ্জিনের চাকাগুলোকে ঘুরান না ঘুরান আমাদের ইচ্ছাধীন। কেননা তার মধ্যে একটা মেশিন এমন আছে যে, ইঞ্জিনকে যখন আমরা চালাতে চাই তখন তাকে চাপ দেই। বাষ্প স্বজোরে ইঞ্জিনের চাকা নাড়া দেয়ার সাথে সাথে তা চলতে শুরু করে। তার সাথে সকল বগি ও চলতে থাকে। যখন তাকে থামাতে চাই তখন ঐ মেশিনকেই অপরদিকে চাপ দেই। এখন বাষ্পের শক্তি ইঞ্জিনের চাকা থেকে সরে যায় এ কারণে তা নড়তে পারে না। ফলে ইঞ্জিন থেমে যায়।

نیک عادتیں

صفائی

اپنے آپ کو پاک صاف رکھو۔ میلا کچیلا رہنا بہت بُری بات ہے۔ اس سے بیماری پیدا ہوتی ہے۔ لوگوں کو گھن آتی ہے اور کوئی پاس نہیں بٹھاتا، بعض لڑکے ہاتھ منہ دھونے سے گھبراتے ہیں۔ ماں باپ اُن کا مُنہ دُھلاتے ہیں تو وہ روتے چلاتے ہیں، مچلتے ہیں، اِدھر اُدھر بھاگتے ہیں ایسے لڑکے بہت ہی بُرے ہوتے ہیں۔ بدن پر میل جما ہوا ہے۔ گورا گورا رنگ کالا پڑ گیا ہے۔ ملنگ سے بنے پھرتے ہیں۔ یہی وجہ ہے کہ ایسے گندے لڑکوں کو نہ کوئی پیار کرتا ہے، نہ اپنے پاس آنے دیتا ہے نہ گود میں اٹھاتا ہے۔

সৎ স্বভাব

শব্দার্থ : نیک عادتیں সচ্চরিত্র, صفائی পরিষ্কার-পরিচ্ছন্নতা, میلا کچیلا অপরিষ্কার অপরিচ্ছন্ন, নোংরা, بیماری রোগ, گھن ঘৃণা, بٹھاتا বসায়, گورا বাদামী, সুন্দর অর্থে, ملنگ মাতাল,পাগল, گود কোল।

অনুবাদ॥ পরিষ্কার পরিচ্ছন্নতাঃ নিজে নিজেকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখ। অপরিষ্কার - অপরিচ্ছন্ন থাকা খারাপ কথা। এর দ্বারা রোগ সৃষ্টি হয়, মানুষের ঘৃণা আসে এবং কেউ কাছে বসায় না। কোন কোন ছেলেরা হাত মুখ ধুতে ভয় পায়। বাপ-মা যদি তাদের হাত মুখ ধোয়ায় তাহলে তারা কান্নাকাটি করে, লাফালাফি করে, এদিক সেদিক পালিয়ে যায়, এ ধরণের ছেলেরা খুবই খারাপ হয়। শরীরে ময়লা জমে যায়। সাদা ধবধবে রং কাল হয়ে যায়। পাগল-মাতালের ন্যায় হয়ে ঘুরে। এটাই কারণ যে, এ ধরণের অপরিষ্কার (ময়লাক্ত) ছেলেকে কেউ আদর করে না, নিজের কাছে আসতে দেয় না, কোলেও উঠায় না।

جاڑے میں ٹھنڈے پانی سے ہاتھ منہ دھونے میں تکلیف ہو تو
تازہ یا گرم پانی لو مگر ہاتھ منہ دھونے میں غفلت نہ کرو۔ ہاتھ منہ دھونے
کا سب سے اچھا طریقہ یہ ہے کہ وضو کر لیا کرو۔
خاک دھول میں کھیلنا بڑے عیب کی بات ہے۔ اس سے کپڑے
میلے ہو جاتے ہیں اور جلد نہ دھوئیں تو میل انھیں گلا دیتا ہے۔ اسی لئے
کپڑا پھٹ جاتا ہے مٹی میں کھیلنے سے اجلے خوبصورت کپڑے ہی خراب
نہیں ہوتے بلکہ بدن پر میل بھی جم جاتا ہے میلا میلا چہرہ اور بدن برا
دکھائی دیتا ہے بیماری کے پیدا ہونے کا اندیشہ ہوتا ہے۔
ننگے پاؤں نہ پھرو کانٹا یا شیشے کا ٹکڑا پاؤں میں چبھ جائے گا تو بڑی
تکلیف ہوگی لنگڑا کر چلوگے تو لڑکے ہنسیں گے اور تمہیں حکیم کے پاس جاکر
دوا لگانی پڑے گی۔

শব্দার্থ : تازہ সতেজ, طریقہ পন্থা, পদ্ধতি, خاک মাটি, دھول ধুলা, اجلے উজ্জ্বল, اندیشہ আশংকা, ننگے নগ্ন, খালি।

অনুবাদ॥ শীতে ঠান্ডা পানি দ্বারা হাত মুখ ধোয়াতে কষ্ট হলে সতেজ বা গরম পানি লও, কিন্তু হাত মুখ ধোয়ার ব্যাপারে অলসতা কর না। হাত মুখ ধোয়ার সব চেয়ে উত্তম পদ্ধতি এই যে, উযূ করে নাও।

ধুলা-মাটিতে খেলা বড়ই দোষনীয় কাজ। এর দ্বারা কাপড় ময়লা হয়ে যায় এবং তাড়াতাড়ি না ধুলে ময়লায় তাকে বিগলিত করে দেয়। এ কারণে কাপড় ফেটে যায়। মাটির মধ্যে খেলার দ্বারা শুধু উজ্জল সুন্দর কাপড়ই খারাপ হয় না বরং শরীরে ময়লা জমে যায়। চেহারা ময়লাক্ত এবং শরীর খারাপ দেখায়। রোগ সৃষ্টি হওয়ার আশংকা হয়। খালি (নগ্ন) পায়ে ঘোরা ফেরা কর না। কাঁটা ও কাঁচের টুকরা পায়ে বিদ্ধ হলে অনেক কষ্ট হবে। খুড়িয়ে চললে ছেলেরা হাঁসবে এবং তোমার ডাক্তারের কাছে ওষুধ লাগাতে হবে।

ہر جمعے کو حجامت بنوالیا کرو۔ نہیں تو بال بڑھ جائیں گے۔ ان کی
جڑوں میں میل جمع ہوگا اور جوئیں پڑجائیں گی حجامت کے ساتھ ناخن
بھی ضرور کتروانے چاہئیں نہ کتروائیں توان میں بھی میل بھر جاتا ہے اور
نیلے نیلے بُرے معلوم ہونے لگتے ہیں۔ لوگ نفرت کرتے ہیں۔

جب حجامت بنوا چکو تو نہاؤ، کپڑے بدلو اور جمعے کی نماز کا وقت
ہو جائے تو جامع مسجد میں جاؤ سب کے ساتھ نماز پڑھو۔ پھر تمہیں اختیار
ہے کھیلو، کودو یا لکھو پڑھو، جاڑے میں کم از کم آٹھویں دن اور گرمی
میں روز نہانا چاہیے مگر لوگوں کے سامنے ننگے ہو کر کبھی نہ نہانا اگر تمہارے
ماں باپ لڑکپن میں تمہیں ننگا ہو کر نہانے کی اجازت بھی دیں، تو بھی
تم ایسا ہرگز نہ کرنا۔ یہ بڑی شرم کی بات ہے۔

শব্দার্থ : نہ نہانا গোসল করবে না, لڑکپن শৈশব, ہرگز কখনো, آداب রীতি, নীতি।

অনুবাদ ॥ প্রতি শুক্রবারে ক্ষৌরকার্য কর। নতুবা চুল বড় হয়ে যাবে। চুলের গোড়ায় ময়লা জমা হবে এবং উকুন সৃষ্টি হবে। ক্ষৌরকার্যের সাথে সাথে অবশ্যই নখ কাটান চাই। নখ না কাটালে নখের মধ্যে ও ময়লা ভরে যাবে এবং নীল নীল হয়ে খারাপ মনে হবে, মানুষে ঘৃণা করবে।

যখন ক্ষৌরকার্য সম্পন্ন কর তখন গোসল কর। কাপড় পরিবর্তন কর। এবং জুমআর নামাযের সময় হয়ে গেলে জামে মসজিদে যাও। সবার সাথে নামায পড়, এরপর তোমার ইচ্ছা, খেলা-ধুলা কর বা লেখা পড়া কর। শীতকালে কমপক্ষে অষ্টম দিন আর গ্রীষ্মকালে প্রতি দিন গোসল করা উচিৎ। তবে মানুষের সামনে কখনো উলঙ্গ হয়ে গোসল করবে না। যদি তোমার পিতা মাতা শৈশবে তোমার উলঙ্গ হয়ে গোসল করার অনুমতি ও দেন তথাপি তোমরা কখনো এরূপ করবে না। এটা বড়ই লজ্জার কথা।

کھانے پینے کے آداب

جس قسم کا کھانا گھر میں موجود ہو، خوشی خوشی کھاؤ۔ کوئی چیز نہ ملے تو اس کے واسطے ضد نہ کرو، کھانے سے پہلے ہاتھ دھولو۔ جب کھانے لگو تو پہلے بسم اللہ پڑھو اور جو کچھ کھاؤ دائیں ہاتھ سے کھاؤ، اکثر لڑکے کھاتے وقت اپنے کپڑے خراب کرلیا کرتے ہیں۔ کہیں سالن کے دھبے لگا لیتے ہیں، کہیں کپڑوں سے انگلیاں پونچھ لیتے ہیں یہ بڑی بے تمیزی کی باتیں ہیں۔ ہمیشہ کھاتے وقت کپڑے سمیٹ کر بیٹھو اور خیال رکھو کہ اُن پر کوئی چیز نہ گرے۔ نوالہ چباتے وقت منہ بند کرلیا کرو، کہ چپڑ چپڑ کی آواز نہ نکلے۔ روٹی ہاتھ سے توڑو دانتوں سے نہ کترو، کھانا کھا چکو تو اَلْحَمْدُ لِلّٰہِ پڑھو ہاتھ اور منہ اچھی طرح دھولو، دانتوں میں کھانے کے ٹکڑے اٹک جاتے ہیں اور منہ میں رہ کر سڑ جاتے ہیں جس سے بدبو پیدا

শব্দার্থ : ضد রাগ , জেদ, اکثر/ অধিকাংশ, دھبے দাগ, انگلیاں/ আঙ্গুল, بے تمیزی অভদ্রতা, অশালীন, سمیٹ গুছিয়ে, نوالہ লোকমা, খাদ্য গ্রাস, نہ کترو কেটে না, سڑ جاتے পঁচে যায়।

অনুবাদ ॥ পানাহারের রীতি নীতিঃ যে ধরণের খাদ্য ঘরে মজুদ থাকে খুশী খুশী খেয়ে নাও। কোন জিনিষ না পেলে তার জন্যে জিদ ধর না। খাওয়ার আগে হাত ধুয়ে নাও। যখন খেতে শুরু কর তখন প্রথমে বিসমিল্লাহ পড় এবং যা কিছু খাও ডান হাতে খাও। অধিকাংশ ছেলেরা খাওয়ার সময় নিজ কাপড় খারাপ করে ফেলে। কোথাও তরকারীর দাগ লাগায়, কোথাও কাপড় দ্বারা আঙুল মুছে নেয়। এ সব বড়ই অভদ্রতার কাজ। সর্বদা খাওয়ার সময় কাপড় গুছিয়ে বস এবং লক্ষ রাখ যেন তার ওপর কোন জিনিষ না পড়ে। লোকমা ছোট লও এবং চাবানোর সময় মুখ বন্দ করে নাও যাতে চপড় চপড় শব্দ না বের হয়। হাত দ্বারা রুটি ছিড়। দাঁতে ছিড়ো না। খানা খাওয়া হলে আলহামদু লিল্লাহ পড় এবং মুখ ভালভাবে ধুয়ে নাও। দাঁতের মধ্যে খাদ্যকণা আটকিয়ে যায় এবং মুখের মধ্যে থেকে পঁচে যায়। যার দ্বারা দুর্গন্ধ সৃষ্টি হয়।

ہو جاتی ہے، اس واسطے کھانے کے بعد مُنہ میں پانی ڈال کر کُلّی کر لیا کرو اور انگلی یا مسواک سے دانتوں کو خوب صاف کر لیا کرو۔ پھر بھی کوئی چیز دانتوں میں اٹکی رہے تو خلال یا کسی صاف تنکے سے نکال ڈالنی چاہئے۔

دُنیا میں ایسے آدمی بھی ہیں جن کو کئی دن کھانا نصیب نہیں ہوتا۔ پس جب تمہیں ہر روز کھانے کو ملے تو خدا کا شکر کرنا ضروری ہے کہ اُس نے اپنی مہربانی سے تمہیں وقت پر رُوزانہ عنایت کی کھانے سے پہلے ناک صاف کرو کھاتے وقت کھانسی یا چھینک آئے تو مُنہ پہ بایاں ہاتھ رکھو اور دسترخوان کی طرف سے مُنہ پھیر لو۔ ناک بہنے لگے تو رومال سے پونچھ لو کوئی چیز مُنہ سے نکل کر ہاتھ کو لگ جائے تو چھپا کر رومال سے پونچھ لو۔ مگر بہتر تو یہ ہے کہ اٹھ کر ہاتھ اور مُنہ صاف کرو۔

শব্দার্থ : تنکے কাঠি, শলাকা, نصیب ভাগ্য, عنایت দান, کھانسی কাশি چھینک হাঁচি, چھپا کر লুকায়ে, গোপন করে, بہتر উত্তম।

অনুবাদ ॥ এ জন্যে খাওয়ার পরে মুখে পানি দিয়ে কুলি কর এবং আঙুল বা মেসওয়াক দ্বারা দাঁতকে খুব পরিষ্কার করে নাও। তারপরও যদি কোন জিনিষ দাঁতে আটকে থাকে তাহলে খেলাল অথবা কোন পরিষ্কার শলাকা দ্বারা বের করে ফেলা উচিৎ।

দুনিয়াতে এমন মানুষও আছে যাদের কয়েক দিনেও খাবার ভাগ্যে জুটেনা। কাজেই তোমাদের যখন প্রতি দিন খাবার মেলে তখন আল্লাহ তা'আলার শুকরিয়া আদায় করা জরুরী যে, তিনি নিজ অনুগ্রহে তোমাকে সময় মত খাদ্য দান করেছেন। খাবার আগে নাক পরিষ্কার কর। খাওয়ার সময় কাশি বা হাঁচি আসলে মুখের ওপর বাম হাত রাখ এবং দসতরখানের দিক থেকে মুখ ঘুরিয়ে নাও। নাক থেকে সর্দি ঝরলে রুমাল দ্বারা নাক মুছে নাও। কোন জিনিষ মুখ থেকে পড়ে হাতে লাগলে গোপনে রুমাল দ্বারা মুছে ফেল। তবে উত্তম এই যে, উঠে হাত এবং মুখ পরিষ্কার করে নাও।

جب کھانا کھانے لگو تو ایک طرف سے اس طرح کھاؤ کہ جو کچھ بچ رہے اُسے دوسرا کھالے اور نفرت نہ کرے۔ اگر برتن کی ساری چیز کھالو تو اُسے پونچھ کر صاف کردو۔

گلی کوچے اور بازار میں کھانا منع ہے اور چلتے پھرتے یا کھڑے ہوکر بھی کچھ نہ کھانا چاہئے۔ جب کئی آدمیوں کے ساتھ مل کر کھانے لگو تو اوروں کے کھانے کی طرف نہ دیکھو۔ جو چیز تمہارے آگے رکھی ہو اُسی کو کھاؤ۔ تم کسی کے گھر جا نکلو اور وہ کھانا کھا رہا ہو تو بے ضرورت اس کے پاس کھڑا ہونا اور بیٹھنا نہ چاہئے وہ کھانے میں شریک ہونے کو کہے تو عذر کردو، مگر جہاں بے تکلفی ہو وہاں اس کی کچھ ضرورت نہیں۔

خدا نہ خواستہ تم بیمار ہوجاؤ اور کسی چیز کے کھانے سے تمہیں منع کیا جائے تو اس چیز کو ہرگز نہ کھاؤ۔ بازار کی مٹھائی کبھی کبھی کھالو تو مضائقہ نہیں مگر اس کی عادت ڈالنی اور

শব্দার্থ : طرف পার্শ্ব, نفرت ঘৃণা, مٹھای মিষ্টি, مضائقہ ক্ষতি।

অনুবাদ॥ যখন খানা খেতে শুরু কর তখন এক দিক থেকে এভাবে খাও যে, কিছু অবশিষ্ট থেকে গেলে তা যেন অপরে খেতে পারে এবং ঘৃণা না করে। যদি পাত্রের সব জিনিষ খাও তাহলে তা মুছে পরিষ্কার করে দাও।

অলি গলিতে এবং বাজারে খাওয়া নিষেধ এবং চলাফেরা অবস্থায় বা দাঁড়িয়ে ও কিছু খাওয়া উচিৎ নয়। যখন কয়েকজন মানুষের সাথে একত্রে খেতে বস তখন অন্যদের খাদ্যের প্রতি তাকায়ো না। যে জিনিষ তোমার সামনে রাখা থাকে তাই খাও। যদি তুমি কারো ঘরে গিয়ে পড় আর সে খানা খেতে থাকে তাহলে বিনা প্রয়োজনে তার পাশে দাঁড়ান বা বসা উচিৎ নয়। সে খানা খেতে বললে আপত্তি পেশ কর। কিন্তু যেখানে কোন লৌকিকতা না থাকে সেখানে এর কোন প্রয়োজন নেই।

আল্লাহ না করুন ! যদি তুমি অসুস্থ হয়ে যাও আর কোন জিনিষ তোমাকে খেতে নিষেধ করা হয় তাহলে উক্ত জিনিষকে কখনো খাবে না।। বাজারের মিষ্টি কোন কোন সময় খেলে তাতে অসুবিধা নেই।

چاٹ لگانی بڑے عیب کی بات ہے۔ اکثر لڑکے مٹھائی بڑے شوق سے کھاتے ہیں لیکن اس سے دودھ کے دانتوں کو نقصان پہنچتا ہے۔ کیڑا لگ جاتا ہے اور مسوڑے کمزور ہو جاتے ہیں۔

تمہارے کھانا کھاتے وقت کوئی غریب آدمی تمہارے پاس آکر تمہیں دیکھنے لگے اور شرم کے مارے مانگ نہ سکے تو تم اس کو اپنے کھانے میں سے کچھ دیدو۔ اگر کھاتے وقت فقیر کی صدا تمہارے کان میں آئے تو اس کو بھی ضرور کچھ بھیجنا چاہئے۔

جب تم کسی کے ہاں مہمان جاؤ اور تمہیں بھوک لگے تو صبر کرو، کھانا نہ مانگو، جس وقت دیں اس وقت کھاؤ۔ تمہارے سوا اور مہمان یا ان کے بچے کھا رہے ہوں تو ان کے پاس نہ جاؤ نہیں تو وہ جی میں کہیں گے کہ یہ لڑکا کھانے کے لالچ سے یہاں آیا ہے۔

শব্দার্থ : عادت ڈالنی , অভ্যাস গড়া, چاٹ لگانی নৈমিত্তিক রুটিন বানান, شوق আগ্রহ, مسوڑ মাড়ি, صدا স্বর, صبر ধৈর্য, لالچ লোভ, লালসা।

অনুবাদ ॥ কিন্তু অভ্যাস গড়া ও (রীতিমত) রুটিন বানান বড়ই দোষনীয় কথা। অধিকাংশ ছেলেরা মিষ্টি বেশ আগ্রহের সাথে খায় কিন্তু এতে দুধে দাঁতের বেশ ক্ষতি হয়। পোকা লেগে যায় এবং মাড়ি দূর্বল হয়ে যায়।

তোমাদের খানা খাওয়ার সময় যদি কোন গরীব মানুষ তোমাদের কাছে এসে দেখতে লাগে আর লজ্জার কারণে চাইতে না পারে তাহলে তোমরা তোমাদের খানার মধ্য হতে কিছু তাকে দিয়ে দাও। খাওয়ার সময় যদি ফকীরের স্বর তোমাদের কানে আসে তাহলে তার জন্যে ও অবশ্যই কিছু পাঠান উচিৎ।

যখন তোমরা কারো নিকট মেহমান হয়ে যাও আর তোমাদের ক্ষুধা লাগে তাহলে ধৈর্য ধর, খানা চেয়ো না। যে সময় দেয় সে সময় খাও। তোমাদের ছাড়া অন্য মেহমান বা তার সন্তানেরা খেতে থাকে তাহলে তাদের কাছে যেয়ো না। নতুবা তারা মনে মনে বলবে যে, এ ছেলে খাওয়ার লোভে এখানে এসেছে।

پانی پینا ہو تو دائیں ہاتھ سے پیو اور ہمیشہ بیٹھ کر پیو۔ کھڑے ہو کر پینا مکروہ ہے۔ کھاتے وقت پانی پینا ہو تو پانی کا کٹورا یا گلاس دائیں ہاتھ میں لے کر اس طرح پیو کہ اس کو دھبہ نہ لگے کھاتے وقت بہت پانی پینا اچھا نہیں، نقصان دیتا ہے۔

سونے کے آداب

آدمی کی زندگی کے واسطے کھانے پینے کی طرح سونا بھی ضروری ہے۔ لیکن جس طرح بہت کھانے پینے سے بیماری پیدا ہوتی ہے اسی طرح بہت سونے سے ذہن کند اور طبیعت غبی ہو جاتی ہے عقلمندوں نے دن رات میں زیادہ سے زیادہ آٹھ گھنٹے اور کم سے کم چھ گھنٹے سونے کے واسطے مقرر کئے ہیں اس سے کم یا زیادہ نہ سونا چاہئے۔ سوتے وقت سر شمال کی طرف رکھو اور مغرب یعنی قبلے کی طرف پاؤں نہ پھیلاؤ۔ کروٹ کے بل سویا کرو۔ چت اور اوندھے ہو کر سونا اچھا نہیں۔ سوتے وقت دانت کرکرانا اور ناگوار آواز سے

শব্দার্থ : کٹورا গ্লাস, পান পাত্র, دھبہ দাগ, زندگی জীবন, বেঁচে থাকা, سونا ঘুমান, ذہن স্মৃতি, মেধা, کند নিস্তেজ, طبیعت স্বভাব- প্রকৃতি, غبی স্থুল, নির্জীব, عقلمند জ্ঞানী, مقرر নির্ধারণ, شمال উত্তর, مغرب পশ্চিম, کروٹ کے بل কাৎ হয়ে, اوندھے উপুড়, ناگوار অস্বস্তিকর।

অনুবাদ ॥ পানি পান করতে হলে ডান হাতে পান কর এবং সর্বদা বসে পান কর। দাঁড়িয়ে পান করা মাকরূহ। খাওয়ার সময় পানি পান করতে হলে পানির পাত্র বা গ্লাস ডান হাতে নিয়ে এভাবে পান কর যাতে তার ফোটা না লাগে। খাওয়ার সময় বেশী পানি পান করা ভাল নয়, বরং ক্ষতি করে।

ঘুমের আদবঃ মানুষের বেঁচে থাকার জন্য পানাহারের ন্যায় ঘুমান ও জরূরী। কিন্তু যেরূপ অধিক পানাহারের দ্বারা রোগ সৃষ্টি হয় তদরূপ অধিক ঘুমানোর দ্বারা ও স্মৃতিশক্তি দূর্বল ও মেজায (স্বভাব) নিস্তেজ হয়ে যায়। জ্ঞানীগণ দিনে রাতে বেশীর থেকে বেশী আট ঘন্টা এবং কমপক্ষে ছয় ঘন্টা ঘুমানোর জন্যে নির্ধারণ করেছেন। তার চেয়ে কম বা বেশী না ঘুমান উচিৎ। ঘুমানোর সময় মাথা উত্তর দিকে রাখ। পশ্চিম অর্থাৎ কেবলার দিকে পা ছড়াবে না। কাৎ হয়ে ঘুমাও, চীৎ বা উপুড় হয়ে ঘুমান ভাল নয়। ঘুমের মধ্যে দাঁত কটমট করা ও

خراٹے لینا عیب کی بات ہے۔ اگرچہ نیند میں آدمی کو خبر نہیں ہوتی۔ لیکن پھر بھی کوشش کرنی چاہئے کہ یہ بُری عادت چھوٹ جائے۔ سر کے نیچے تکیہ اُونچا رکھنے اور کم کھانے سے یہ عیب اکثر جاتا رہتا ہے۔

دس برس کے بچّے کو الگ چارپائی پر سونا چاہئے اور سونے سے پہلے ضروری حاجتیں رفع کر لینی بہت ضروری ہیں۔ سونے سے اٹھ کر پانی پینا نقصان دیتا ہے۔ جب سو کر اٹھو، ہاتھ منہ دھو ڈالو تاکہ آنکھوں کی کثافت اور طبیعت کی سستی جاتی رہے۔

گفتگو کے آداب

عقلمندوں کا قاعدہ ہے کہ وہ بے ضرورت نہیں بولتے۔ جب کوئی کام کی بات ہو تو کہہ دیتے ہیں جب کوئی اُن سے کچھ پوچھے جواب دیدیتے ہیں۔ دیکھو! اکثر جانور صبح کے وقت باغوں اور جنگلوں میں کیسی اچھی آوازیں

শব্দার্থ : خراٹے নাক ডাকা, کوشش চেষ্টা, تکیه বালিশ, عیب দোষ, چار پائ খাট, رفع সেরে নেয়া, کثافت ময়লা, سستی আলস্য, گفتگو কথাবার্তা।

অনুবাদ॥ অসস্থিকর শব্দে নাক ডাকা দোষের কথা। যদিও ঘুমের মধ্যে মানুষের খবর থাকে না কিন্তু তথাপি চেষ্টা করা উচিৎ যাতে এ কু-স্বভাব দূর হয়ে যায়। মাথার নীচে বালিশ উঁচু রাখলে এবং কম খেলে এ রোগ অধিকাংশ ক্ষেত্রে চলে যায়।

দশ বার বছরের সন্তানদেরকে আলাদা শোয়ান উচিৎ এবং শোয়ার আগে জরুরী প্রয়োজন সেরে নেয়া একান্ত জরুরী। ঘুম খেকে উঠে পানি পান করা ক্ষতিকর। যখন ঘুম থেকে উঠ আগে হাত মুখ ধুয়ে ফেল। যাতে চোখের ময়লা এবং স্বভাবজাত আলস্য চলে যায়।

কথাবার্তার আদবঃ জ্ঞানীদের নীতি এই যে, তারা বিনা প্রয়োজনে কথা বলেন না। যখন কোন কাজের কথা থাকে তখন বলেন। যখন কেউ তাঁদের কাছে কিছু জিজ্ঞেস করে তখন তার-জবাব দেন। দেখ! অধিকাংশ প্রাণী ভোরের সময় বনে- জঙ্গলে কেমন মধুর আওয়ায করে।

لگتے ہیں، جنہیں سن کر جی خوش ہو جاتا ہے مگر اکثر دن بھر چپ رہتے
ہیں، ہر وقت نہیں بولتے رہتے اس سے معلوم ہوا کہ جانور بھی جنہیں کچھ
سمجھ نہیں، بہت بولنے کو برا جانتے ہیں، اور زیادہ بک بک نہیں کرتے۔
تم تو آدمی ہو، اُن سے زیادہ سمجھ رکھتے ہو۔ تمہیں بھی چاہئے کہ بہت نہ بولو،
بے ضرورت بات نہ کرو، اور جب بولو آہستگی سے بولو دیکھو! مینڈک برسات
کے دنوں میں جب پانی کے کنارے بیٹھ کر دن رات ٹرّاتا رہتا ہے اور سارا
جنگل سر پر اٹھا لیتا ہے تو اس کی آواز کیسی بری معلوم ہوتی ہے۔ اسی طرح جو
آدمی زور سے بولتا ہے اور ہر وقت بکتا رہتا ہے اُسے بھی لوگ اچھا نہیں
جانتے اور ایسے لڑکے کو پیار نہیں کرتے۔

کسی کو گالی نہ دو، پیٹھ پیچھے برا نہ کہو، جب بولو سچ بولو جھوٹ کبھی نہ بولو، بات
بات پر قسم نہ کھاؤ، کسی کو بے عزتی سے نہ پکارو، جس سے بات کرو، ادب کے
ساتھ کرو۔

শব্দার্থ : قاعده রীতি, باغ বাগান, معلوم هوا বুঝা গেল, آهستگی আস্তে, مینڈك ব্যাঙ, برسات বর্ষা, ترّاتا رهتا هی ডাকতে থাকে, গ্যা গ্যা করে, پیار আদর।

অনুবাদ ॥ তা শুনে মন ভরে যায়। কিন্তু দিনের অধিকাংশ সময় চুপ করে থাকে। সব সময় শব্দ করতে থাকে না। এর দ্বারা বুঝা গেল যে, প্রাণী যাদের কোন জ্ঞান-বুঝ নেই তারা ও বেশী কথা বলা (শব্দ করা) কে খারাপ জানে এবং বেশী বক বক করে না। তোমরা তো মানুষ। তাদের চাইতে বেশী জ্ঞান রাখ। কাজেই তোমাদের ও উচিৎ যে, বেশী কথা বলবে না। বিনা প্রয়োজনে কথা বলবে না, আর যখন বলবে আস্তে বলবে।

দেখ! ব্যাঙ বর্ষাকালে যখন পানির তীরে বসে রাত দিন ডাকতে থাকে এবং সমস্ত জঙ্গল মাথায় উঠিয়ে নেয়। তথন তাদের শব্দ কেমন খারাপ মনে হয়। তদরূপ যে সব মানুষ উচ্চ স্বরে কথা বলে এবং সব সময় বকবক করতে থাকে কোন মানুষে তাকে ভাল জানে না এবং এ ধরণের ছেলেকে কেউ আদর করে না।

اِتفاق

گھر میں بھائی بہنوں سے، مدرسے میں لڑکوں سے کبھی نہ لڑو، آپس میں لڑنا بھڑنا بہت بُری بات ہے۔ دیکھتے نہیں کہ جب ایک کتّا دوسرے کتّے کو کہیں پاتا ہے اس پر بھونکتا ہے اس سے لڑتا ہے تو کیسا بُرا معلوم ہوتا ہے۔ پس جو آدمی اوروں سے لڑتا بھڑتا ہے وہ کُتّے سے بھی بُرا سمجھا جاتا ہے۔ کیونکہ کُتّے کو اچھے برے کی پہچان نہیں اور آدمی سب کچھ جانتا ہے۔

اکثر لڑکے کھانے پینے اور پہننے کی چیزوں پر آپس میں لڑتے رہتے ہیں یہ بہت بُری بات ہے۔ ایسا ہرگز نہیں چاہیئے۔ جب گھر میں کوئی چیز ملے تو بھائی بہنوں کے ساتھ مل کر کھا لیا کرو۔

دیکھو! چیونٹیوں میں کیسی اچھی عادت ہے، ایک چیونٹی اگر کوئی کھانے پینے کی چیز پاتی ہے تو سب کو خبر دیتی ہے۔ پھر سب وہاں آتی ہیں۔ جو کچھ پاتی ہیں

শব্দার্থ : اتفاق ঐক্য, একতা, نہ لڑو গন্ডগোল কর না, آپس میں পরস্পরে, بھونکتا ہے ঘেউ ঘেউ করে, اوروں অন্যদের, پہچان পরিচয়, چیونٹی পিঁপড়া, وہاں সেখানে।

অনুবাদ॥ ঐক্যঃ বাড়ীতে ভাই বোনের সাথে, মাদ্‌রাসায় ছেলেদের সাথে কখনো গন্ডগোল কর না। পরস্পরে ঝগড়া বিবাদ করা খুবই খারাপ কথা। দেখনা ! যখন এক কুকুর কোথাও অন্য কুকুর দেখতে পায় তার ওপর ঘেউ ঘেউ করতে থাকে। তার সাথে ঝগড়া করলে তখন কেমন খারাপদেখায়। সুতরাং যে দু'জন মানুষ পরস্পরে ঝগড়া বিবাদ করে তাদেরকে কুকুরের চেয়ে খারাপ মনে করা হয়। কেননা কুকুরের তো ভাল মন্দের পরিচয় নেই, আর মানুষ সব কিছু বুঝে।

অধিকাংশ ছেলেরা পানাহারের এবং পরার জিনিষ নিয়ে পরস্পরে কলহ করে। এমনটা আদৌ উচিৎ নয়। যখন ঘরে কোন জিনিষ মিলে তখন ভাই বোনদের সাথে মিলে খেয়ে নাও।

দেখ! পিঁপড়াদের মধ্যে কেমন উত্তম অভ্যাস রয়েছে। এক পিঁপড়া যদি পানাহারের কোন জিনিষ পায় তাহলে সবাইকে খবর দেয়। তারপর সবাই সেখানে আসে। যা কিছু পায়

خوشی خوشی مل کر کھاتی ہیں اسی طرح آرام کی جگہ ملے تو بھی سب وہیں آ رہتی ہیں۔ بڑی شرم کی بات ہے کہ چیونٹیاں تو آپس میں ایسے اتفاق سے رہیں سہیں اور آدمی کے بچے ایک دوسرے سے لڑیں بھڑیں۔

ہر آدمی کو چاہئے کہ وہ سب سے اتفاق رکھے ایک کو کوئی تکلیف پہنچے تو دوسرا اس کی مدد کرے۔

دیکھو! کوّوں میں کیسا اِیکا ہے، جب کسی کوّے پر کوئی مصیبت آتی ہے تو اس کی ایک آواز پر سینکڑوں کوّے اس کی مدد کو آجاتے ہیں، اور ایسا شور مچاتے ہیں کہ دشمن کو حیران کر دیتے ہیں۔ ہو سکے تو ٹھونگیں بھی مارتے ہیں۔ غرض ایک دوسرے کی مدد میں جو کچھ بن پڑتا ہے کرتے ہیں، کچھ کمی نہیں کرتے۔ کیا افسوس کی بات نہیں کہ کوّوں میں ایسا اتفاق، ایسی ہمدردی ہو اور آدمی میں یہ نیک عادت نہ ہو؟

শব্দার্থ : رہیں سہیں باقی অবশিষ্ট, رہیں سہیں বসবাস করে, لڑیں بھڑیں ঝগড়া বিবাদ করবে, کوں কাকদের, ایکا / ایکا একতা, شور مچاتے ھیں হৈ চৈ করে, ٹھونگیں ঠোকর, بن پڑتا ھے প্রয়োজন দেখা দেয়, ھمدردی সমবেদনা।

অনুবাদ ॥ সকলে মিলে মিশে খেয়ে নেয়। এভাবে আরামের জায়গা পেলে তাহলেও সবাই সেখানে এসে থাকে। বড়ই লজ্জার কথা যে, পিঁপড়ারা তো পরস্পরে এমন একতাবদ্ধ হয়ে থাকবে আর মানুষের সন্তান একে অন্যের সাথে কলহ বিবাদ করবে।

প্রত্যেক মানুষের উচিৎ যে, সে সবার সাথে একতাবদ্ধ হয়ে থাকবে। একজনের কোন দুঃখ-কষ্ট হলে অন্যজনে তার সাহায্য করবে।

লক্ষ কর ! কাকদের মধ্যে কেমন একতা রয়েছে। যখন কোন কাকের ওপর কোন বিপদ আসে তখন তার একটিমাত্র আওয়াজে শত শত কাক তার সাহায্যের জন্যে এসে যায় এবং এমন কোলাহল করে যে, শত্রুকে অস্থির করে দেয়। সম্ভব হলে ঠোকরও মারে। মোটকথা একে অন্যের সাহায্যের জন্যে যা কিছু প্রয়োজন পড়ে তা করে। তাতে কোন ঘাটতি করে না। কতইনা পরিতাপের বিষয় যে, তাদের মধ্যে এমন একতা, এমন সহমর্মিতা থাকবে, আর মানুষের মধ্যে এ উত্তম স্বভাব থাকবে না।

خدا ایک ہے کوئی اس سا نہیں
کسی کام میں ساجھی اس کا نہیں

نہیں اس کی کچھ ابتدا انتہا
سدا سے ہے وہ اور رہے گا سدا

اسی نے بنایا ہے سارا جہاں
یہ چاند اور سورج زمیں آسماں

ہمیں اس نے مٹی سے پیدا کیا
جو کچھ ہم کو درکار تھا سب دیا

ہمیں بخشی ہیں اس قدر نعمتیں
کہ جن کو نہ ہرگز کبھی گن سکیں

ہے واجب کہ اس کی عبادت کریں
شب و روز اس کے غضب سے ڈریں

পদ্যাংশ

শব্দার্থ : نظم শৃংখলা, পদ্য, حمد প্রশংসা, ساجھی অংশীদার, ابتدا/ শুরু, انتہا/ শেষ, سدا/ সদা সর্বদা, اس قدر/ এ পরিমান, شب و روز দিবা-নিশি।

অনুবাদ॥ আল্লাহর প্রশংসাঃ ১. আল্লাহ এক, কেউ তার সমকক্ষ নয় + কোন কাজে কেউ তার অংশীদার নয়। ২. তার কোন শুরু ও শেষ নেই + সদা আছেন এবং থাকবেনও সদা। ৩. তিনিই বানিয়েছেন সমগ্র বিশ্ব + এ চন্দ্র সূর্য এবং যমীন আসমান সবই। ৪. আমাদেরকে তিনি মাটি থেকে সৃষ্টি করেছেন + যা কিছু আমাদের প্রয়োজন ছিল সবই দান করেছেন। ৫. আমাদের এ পরিমাণ নে'আমত দান করেছেন + যা আমরা কখনো ভুলতে পারব না। ৬. আমাদের ওপর জরূরী যে, আমরা তার ইবাদত করব + দিবা নিশি তার গযব থেকে ভয় করব।

رسولِ خدا پر درود

پڑھو مومنو، مصطفٰے پر درود — محمد حبیب خدا پر درود

خدا کا یہ ہے حکم قرآن میں — پڑھو خاتم الانبیاءؐ پر درود

خدا بھیجتا ہے بصد ذوق وشوق — شب و روز خیر الوریٰ پر درود

فرشتوں کو ہے حکمِ پروردگار — پڑھو میرے شمس الضحیٰ پر درود

کرو مرآۃِ دل کو ماہِ منیر — پڑھو نورِ ربّ العلےٰ پر درود

وقت پر نماز پڑھو

اے مسلمانو! سنو دل سے ذرا — وقت پر کر لو نماز اپنی ادا

وقت آئے جس گھڑی پڑھ لو نماز — یادِ حق سے ہو نہ ہر گز بے نیاز

শব্দার্থ : حبیب বন্ধু, بھیجتا ہے পাঠায়, صد শত, ذوق وشوق আগ্রহ-উদ্দীপনা, خیر الوری সৃষ্টিকূলের শ্রেষ্ঠ, شمس الضحی নব রবি, ভোরের সূর্য, مرآت আয়না, ماہ منیر আলোকময় চন্দ্র, رب العلی মহান প্রতিপালক, گھڑی সময়, بے نیاز মুখাপেক্ষীহীন , বিমুখ।

অনুবাদ ॥ আল্লাহর রাসূলের ওপর দরূদঃ ১. হে মুমিনগণ! হযরত মুহাম্মদ মুস্তফা (সা) এর ওপর দরূদ পাঠ কর + আল্লাহর হাবীব মুহাম্মদ (সা) এর ওপর দরূদ। ২. পবিত্র কুরআনে এটা আল্লাহর নির্দেশ + যে, সর্বশেষ নবীর ওপর দরূদ পড়। ৩. আল্লাহ্ শত আগ্রহ উদ্দীপনার সাথে প্রেরণ করেন + দিবানিশি মানবকূল সেরার ওপর দরূদ। ৪. ফেরেশ্‌তাদের প্রতি আল্লাহর নির্দেশ রয়েছে যে, + তোমরা আমার প্রিয় নবীর ওপর দরূদ পাঠ কর। ৫. হৃদয় দর্পণকে জ্যোতির্ময় চন্দ্রে পরিণত কর + মহান প্রতিপালকের নূরের ওপর দরূদ পাঠ কর।

সময়মত নামায পড়ঃ ১. হে মুসলিমগণ! একটু অন্তর দ্বারা শুন + সময়মত নিজ নামাজ আদায় করে নাও। ২. যে মুহূর্তে নামাযের সময় এস যায় + আল্লাহর স্মরণ থেকে কখনো উদাসীন হয়ো না।

وقت کو ٹلنے نہ دو تم زینہار | چھوڑ دو دنیا کے اُس دم کاروبار
فجر و ظہر و عصر و مغرب اور عشا | ہوں حُضورِ قلب سے پانچوں ادا
سر جھکانا ہے نشان اسلام کا | رتبہ سب سے ہے بڑا اُس کام کا
ظلمت دل دور کرتی ہے نماز | نور ایمان دل میں بھرتی ہے نماز
گر کرو گے تم نمازیں سب ادا | بخش دے گا رب تمہاری سب خطا
نیک بخت اس کے برابر کون ہے | پنجگانہ با جماعت جو پڑھے
پنج وقتی میں نہیں جس کا قصور | رحمتِ حق اس کے اوپر ہے ضرور
یہ نماز اے جان ستون ہے دین کا | دین کی چھت کا ہے بوجھ اس پر رکھا
جس کسی نے اس ستونِ دین کو | ثابت و قائم رکھا اے مومنو!
ثابت اس نے رکھ لیا دینِ متین | رحمتِ حق سے ہوا بیشک قرین

শব্দার্থ : ٹلنے সরতে, কাযা হতে, زینہار কখনো, حضور قلب অন্তর হাজির রেখে, نشان নিদর্শন, رتبہ মর্যাদা, সম্মান, ظلمت অন্ধকার, نیک بخت সৌভাগ্যবান, قصور ত্রুটি, ضرور অবশ্যই, ستون খুটি, স্তম্ভ,

অনুবাদ॥ ৩.ওয়াক্তকে কখনো বিলম্ব হতে দিয়ো না + সে সময় পার্থিব কাজ কর্ম ছেড়ে দাও। ৪. ফজর, যোহর, আছর এবং মাগরিব ও ঈশা + একাগ্রচিত্তে যেন পাঁচো নামায আদায় হয়। ৫. মস্তক অবনত করা হল ইসলামের নিদর্শন + মর্যাদা সবচেয়ে বেশী এ কাজের। ৬. আত্মার অন্ধকারকে নামাযে দূরীভূত করে + ঈমানের নূর অন্তরে পূর্ণ করে নামাযে। ৭. যদি তোমরা সকল নামায আদায় কর + ক্ষমা করে দিবেন আলাহ্ তোমাদের সকল গোনাহ। ৮. ভাগ্যবান তার চেয়ে বেশী আর কে আছে + পাঁচ ওয়াক্ত নামায যে সময় মত পড়ে। ৯. পাঁচ ওয়াক্ত নামাযে যার ত্রুটি নেই + আল্লাহর রহমত অবশ্যই তার ওপর অবতীর্ণ হবে। ১০. জেনে রেখ ! এই নামায হল ধর্মের স্তম্ভ + ধর্মের ছাদের ভারত্ব এর ওপর রাখা রয়েছে। ১১. যে কেউ ধর্মের এ স্তম্ভকে + অটল অবিচল রাখল -হে মুমিনগণ! ১২. সে অটল রাখল মজবুত দ্বীনকে + আল্লাহ্‌র রহমত অবশ্যই তার সঙ্গি হল।

اور جس نے چھوڑ دی از خود صلوٰۃ	پائے گا وہ کس طرح راہِ نجات؟
جس نے توڑا اس ستون کو بر ملا	خانۂ دیں اُس نے گویا ڈھا دیا
ترک کر دی جان کر جس نے نماز	اس کو ڈالے آگ میں وہ بے نیاز
بس یہ اَب لازم ہے تم کو مؤمنو!	فرضِ حق کو ترک ہرگز مت کرو

چار شخصوں کے لئے جنّت بہت مشتاق ہے

دیکھ! ہے اس طرح سے فرما دیا	حضرت خیر البشرؐ نے بر ملا
دل میں ہے ہر تابعِ اسلام کے	مجھ کو جنّت اَب کسی ڈھب سے ملے
اور جنّت چار شخصوں کے لئے	رات اور دن منتظر ہے شوق سے
پہلے وہ ہے جس نے کھانا دیدیا	پیٹ کے بھوکے کو از بہرِ خدا

শব্দার্থ : نجات পরিত্রান, মুক্তি, برملا প্রকাশ্যে, স্পষ্টরূপে, گویا কেমন যেন, ڈھادیا বিধ্বস্ত বা ধ্বংস করে দিল, لازم আবশ্যক, জরূরী, مشتاق উৎসাহী,উদগ্রীব, خیرالبشر শ্রেষ্ঠ মানব, تابع অনুসরনকারী, ڈھب আকৃতি, প্রকার অর্থে, منتظر অপেক্ষমান, شوق আগ্রহ, ازبہر/ ওয়াস্তে, জন্যে।

অনুবাদ॥ ১৩. আর যে নিজের থেকে নামায ত্যাগ করল + সে কিভাবে মুক্তির পথ পাবে? ১৪. যে প্রকাশ্যে এ স্তম্ভকে ভেঙে ফেলল + সে কেমন যেন দ্বীনের স্তম্ভকে বিধ্বস্ত করল। ১৫. জেনে বুঝে যে নামায ছেড়ে দিল + তাকে মুখাপেক্ষীহীন আল্লাহ দোযখে নিক্ষেপ করবেন। ১৬. অতএব হে মুমিনগণ! এখন তোমাদের আবশ্যক যে,+ আল্লাহর ফরযকে কখনো তরক করবে না।

চার ব্যক্তির জন্যে বেহেশ্ত খুবই উদগ্রীব থাকে ঃ ১. লক্ষ কর! এভাবে বর্ণনা করেছেন + মানবকূল শ্রেষ্ঠ হযরত রাসূল (সা) স্পষ্টরূপে। ২. ইসলামের অনুসারী প্রত্যেকের অন্তরে এ কথা থাকে যে, + কিভাবে আমার বেহেশ্ত মিলবে। ৩. আর স্বয়ং বেহেশ্ত চার ব্যক্তির জন্যে + রাত দিন উৎসাহের সাথে অপেক্ষমান থাকে। ৪. প্রথম ঐ ব্যক্তি যে, অন্ন দান করে + পেট ভরে কোন ক্ষুধার্তকে আল্লাহর ওয়াস্তে।

دوسرا کپڑا پہنایا شوق سے	جس نے ننگے کو خدا کے واسطے
تیسرے جس شخص نے روزہ رکھا	ماہ رمضان کا بصد صدق وصفا
اور چوتھے جو پڑھے قرآن کو	صدق دل سے اے محبّانِ نکو

ماں باپ کی خدمت کرو

ادب کرنا ماں باپ کا ہے ضرور	نہ کرنا کبھی اس میں بچو! قصور
کوئی ان کا رتبے میں ہمسر نہیں	بزرگ اُن سے کوئی بھی بڑھ کر نہیں
نہ تھی تم میں جب عقل وطاقت ذرا	انہوں نے تمہیں پرورش ہے کیا
رہا رات دن ان کو یہ ہی خیال	سدا خوش ہمارا رہے نونہال
وہ تکلیف خود اٹھاتے رہے	مگر تم کو دکھ سے بچاتے رہے

শব্দার্থ : صد শত, صدق সততা, صفا পরিষ্কার, নিষ্কলুষ (মনে) محبان প্রেমিকগণ, همسر সমকক্ষ, بزرگ বড়, پرورش লালন পালন, زہریلی বিষাক্ত, جھٹ দ্রুত, ہرگز কখনো, بے اختیار অনিচ্ছায়, نو نہال নবজাত সন্তান।

অনুবাদ॥ ৫. দ্বিতীয় ঐ ব্যক্তি যে, আগ্রহভরে বস্ত্র পরিধান করায় + বস্ত্রহীনকে আল্লাহর সন্তুষ্টির লক্ষে। ৬. তৃতীয় যে ব্যক্তি রোযা রাখল + রমযান মাসে শত সততা ও নিষ্ঠার সাথে। ৭. আর চতুর্থ হল যে ব্যক্তি কুরআন পড়ে + একনিষ্ঠ মনে, হে আল্লাহপ্রেমিক নেককার বান্দাগণ!

মাতাপিতার খেদমত কর ঃ ১. মাতা পিতার খেদমত করা আবশ্যক, + বৎসগণ! এর মধ্যে কোন ত্রুটি করবে না। ২. মর্যাদার দিক দিয়ে কেউ তাদের সমকক্ষ নয় + তাদের থেকে বড়ও কেউ নেই। ৩. তোমাদের মধ্যে যখন বোধ-শক্তি কিছুই ছিল না + তারা তোমাদেরকে প্রতিপালন করেছেন। ৪. রাত দিন তাদের এ খেয়াল রয়েছে যে, + সদা আমাদের আদরের সন্তান যেন সুখে থাকে। ৫. তারা নিজেরা কষ্ট ভোগ করে + কিন্তু তোমাদেরকে দুঃখ-কষ্ট থেকে রক্ষা করতে থাকেন।

غرض وہ رہے تم پہ ہر دم فدا
ہے مشہور ماں باپ کی مامتا

ہو تکلیف تم کو تو وہ ہوں ملول
خوشی سے تمہاری خوشی ہو حصول

محبت ہو اس درجہ تم سے جنہیں
ہے واجب کہ تم بھی رکھو خوش انہیں

کہیں تم سے جو کچھ کرو تم وہی
نہ ناراض ان کو کرو تم کبھی

خدا نے یہ فرمایا ہے بار بار
چلیں حکم پہ اس کے سب دیندار

جو ماں باپ کو خوش رکھے گا سدا
ہے اس کے لئے باب جنّت کھُلا

استاد کا حق

ہے ماں باپ کے بعد اے باوفا
زیادہ سبھوں سے حق استاد کا

وہ کرتا ہے دل کو تمہارے درست
بناتا ہے تم کو چالاک و چُست

جہاں تک بنے اس کی عزّت کرو
دل و جان سے تم اس کی خدمت کرو

শব্দার্থ : *فدا* উৎসর্গ, *مامتا* আদর, যত্ন, *ملول* বিষন্ন, চিন্তিত, *حصول* হাসিল, *با وفا* বিশ্বস্ত,দায়িত্ব পালনকারী, *چست* চতুর।

অনুবাদ॥ ৬. মোটকথা তারা সব সময় তোমাদের ওপর জীবন উৎসর্গী থাকেন + পিতামাতার মায়া-মমতা সুপ্রসিদ্ধ।৭. তোমাদের কোন কষ্ট হলে তারা পেরেশান হয়ে যান + তোমাদের আনন্দে তারা আনন্দিত হন। ৮. এত ভালবাসা তোমাদের প্রতি যাদের + তোমাদের ওপর ওয়াজিব যে, তোমরাও তাদেরকে খুশী রাখবে। ৮. তোমরা যা কিছু কর তাদের কাছে বলবে + তাদেরকে কখনো অসন্তুষ্ট করবে না, ৯. আল্লাহ তা'আলা বার বার এ কথা বলেছেন + তার হুকুমের ওপর চলবে সকল দ্বীনদার। ১০. যে মাতাপিতাকে সদা সন্তুষ্ট রাখবে + তার জন্যে বেহেশ্‌তের দরজা খোলা রয়েছে।

উস্তাদের হক ঃ ১. হে বিশ্বস্ত! মাতাপিতার পরে রয়েছে + সবচেয়ে বেশী উস্তাদের হক। ২. তিনি তোমার অন্তরকে ঠিক করেন + তোমাদেরকে চালাক ও চতুর বানান। ৩. যতটুকু সম্ভব তাঁর সম্মান কর + মনে প্রাণে তাঁর সেবা কর।

نہ ٹالو کوئی حکم اُس کا کبھی	ہمیشہ رکھو اس کو راضی خوشی
نہ ہو اس کی خدمت سے ہرگز ملول	تمہیں دولتِ علم تا ہو حصول
جو تم اس کی خدمت بجا لاؤ گے	تو خادم سے مخدوم ہو جاؤ گے

بُروں سے نہ ملو

جو مکّار و مغرور ہیں آدمی	نہ رکھو کبھی اُن سے تم دوستی
ملو تم نہ اس سے جو ہے بدطریق	اگرچہ وہ کیسا ہی ہووے لئیق
جو سرکش شریر اور بدکار ہیں	محبّت کے کب وہ سزاوار ہیں
وہ دُنیا میں صحبت کے لائق نہیں	بہت اُن سے بچتے ہیں مردانِ دیں
اگر ان کی صحبت میں جاؤ گے تم	سراسر ندامت اٹھاؤ گے تم

শব্দার্থ : نہ ٹالو লঙ্ঘন করনা, بجا لاوگے পালন করবে, مخدوم খেদমত প্রাপ্ত, যার খেদমত করা হয়, مکار প্রতারক, ধোকাবাজ, بد طریق দুশ্চরিত্রবান, لئیق যোগ্য, سرکش অবাধ্য, شریر দুষ্ট, سزاور যোগ্য, مردان دین ধার্মিক বান্দাগণ, صحبت সংস্পর্শ, سراسر সম্পূর্ণ, ندامت অনুতাপ, লজ্জা।

অনুবাদ ॥ ৪. তাঁর নির্দেশ কখনো অমান্য কর না + সর্বদা তাঁকে রাজী খুশী রাখ। ৫. উস্তাদের খেদমতে কখনো বিরক্ত হবে না + তাহলেই তোমার ইলমের দৌলত হাসিল হবে। ৬. যদি তুমি তাঁর খেদমতের হক আদায় কর + তাহলে খাদেম থেকে মাখদূমে (সেবার পাত্রে) পরিণত হবে।

দুষ্টদের সাথে মিশবে নাঃ ১. যে মানুষ ধোঁকাবাজ ও অহংকারী হয় + তার সাথে কখনো বন্ধুত্ব রেখ না, ২. তার সাথে তুমি মিশো না যে কু পথের পথিক + চাই সে যতই যোগ্য হোক না কেন। ৩. যে অবাধ্য, দুষ্ট ও কু চরিত্রের হয় + বন্ধুত্বের যোগ্য হতে পারে সে কি করে? ৪. জগতে সে ভালবাসার যোগ্য নয় + অনেক দূরে থাকে তার থেকে দ্বীনদার ব্যক্তিগণ। ৫.যদি তাদের সংস্পর্শে কখনো যাও তোমরা + তাহলে অবশ্যই অনুতপ্ত হবে তোমরা।

جھوٹ نہ بولو

خدا اس سے راضی نہ ہوگا کبھی	کہ جس کو ہو عادت بُری جھوٹ کی
کرے جو کوئی جھوٹ کو اختیار	رہے گا نہ اس کا ذرا اعتبار
نہیں اس کی عِزت وہ ہوگا حقیر	رہیں دور اس سے صغیر و کبیر
جہاں میں تو جھوٹا وہ کہلائے گا	قیامت کو دوزخ میں وہ جائیگا
نہ بولو کبھی جھوٹ ہرگز میاں	نہیں اس سے کچھ فائدہ ہے زیاں

بات کرنے کے آداب

کر سمجھ کر سوچ کر باتیں مُدام	ہو سخن تیرا مفید خاص و عام
یا ہو اس سے خاص اپنا فائدہ	یا کہ حاصل ہو سبھوں کا فائدہ
اور دانا بھی کریں اس کو قبول	ہو نہ بیہودہ نہ دُشوار و فضول
کر نہ بیہودہ زبان سے تو کلام	بدکلامی سے تو رکھ نفرت مُدام

শব্দার্থ : عادت অভ্যাস, اختیار/ অবলম্বন, اعتبار/ গ্রহণযোগ্যতা, ধর্তব্য, حقیر তুচ্ছ, صغیر ছোট, کبیر বড়, جھوٹا মিথ্যুক, زیاں ক্ষতি, مدام সব সময়, سخن কথা, مفید উপকারী, دانا জ্ঞানী, دشوار কঠিন, فضول অনর্থ।

অনুবাদ ॥ মিথ্যা বল নাঃ ১. আল্লাহ্ তার প্রতি কখনো সন্তুষ্ট হবেন না + যার মিথ্যা বলার কু অভ্যাস হবে। ২. যে মিথ্যা অবলম্বন করে + তার সামান্য ও গ্রহণযোগ্যতা থাকে না। ৩. তার কোন সম্মান থাকবে না, সে তুচ্ছ গণ্য হবে+ ছোট বড় সবাই তার থেকে দূরে থাকবে। ৪. কখনো মিথ্যা বল না, মিয়া! + তাতে কোন উপকার নেই, বরং শুধুই ক্ষতি।

কথা বলার আদবঃ ১. সব সময় ভেবে চিন্তে কথা বলবে + তোমার কথা যেন খাছ আ'ম সবার জন্যে উপকারী হয়। ২. হয়ত তার দ্বারা তোমার নিজের উপকার হবে + অথবা জনসাধারণের উপকার লাভ হবে। ৩. আর জ্ঞানীরাও ঐ কথাকে গ্রহণ করেন + যা অহেতুক, কঠিন ও বেহুদা না হয়। ৪. যবান থেকে বেহুদা কথা বের করবে না, কু কথার প্রতি সব সময় ঘৃণা রাখবে।

اور نہ بک بک کے کھا سب کا دماغ ۔۔۔ ایسی باتیں کر، رہیں سب باغ باغ
بات کا جب تجھ سے استفسار ہو ۔۔۔ تب جواب خوب کا اظہار ہو
کان دو ہیں ایک ہے تیری زبان ۔۔۔ صاف یہ راز اس سے ہوتا ہے عیاں
یعنی دو باتیں پڑیں جب تیرے کان ۔۔۔ تب ہلا اک بار تو اپنی زبان
بات آہستہ کہا کر تو مدام ۔۔۔ تا رہیں خوشنود تجھ سے خاص و عام
ایسا آہستہ نہ بول اے باتمیز ۔۔۔ سن سکے جس کو نہ کوئی اے عزیز
کر مؤدب تو بزرگوں کو سلام ۔۔۔ تا سعادت مند ہو اور نیک نام

عاجزوں پر ظلم نہ کرو

زیر دستوں پر نہ کر ظلم و ستم ۔۔۔ بلکہ خدمت کر بصد لطف و کرم
اُن سے سختی سے جو تو پیش آئیگا ۔۔۔ زور تیرا ایک دن مٹ جائے گا

শব্দার্থ : دماغ মগজ, استفسار জিজ্ঞাসা, اظہار স্পষ্ট, راز রহস্য, عیاں স্পষ্ট, خوشنود সন্তুষ্ট, با تمیز বিবেকবান, مودب ভদ্র, سعادت مند সৌভাগ্যবান, عاجز অক্ষম, দুর্বল, زیر دستوں অধীনস্ত, ستم অত্যাচার।

অনুবাদ॥ ৫. বকবক করে সব সময় সবার দেমাগ নষ্ট কর না + এমন কথা বল যেন সবাই আনন্দিত থাকে। ৬. যখন তোমার কাছে কোন কথা জিজ্ঞেস করা হয় + তখন খুব স্পষ্ট করে উত্তর দিবে। ৭. কান তোমার দুইটা, আর যবান হল একটা + এর দ্বারা এই রহস্যই পরিস্কার বুঝা যায়। ৮. অর্থাৎ যখন দুইটা কথা তোমার কানে আসবে + তখন একবার তোমার যবান নাড়বে। ৯. কথা আস্তে বল সব সময় + যাতে আ'ম খাস সবাই তোমার প্রতি সন্তুষ্ট থাকে। ১০. হে সুবোধ ছেলে! এমন আস্তে কথা বল না + যা কেউ শুনতে না পায়। হে প্রিয়! ১১. হে ভদ্র ছেলে! বড়দেরকে সালাম কর + তাহলে তুমি সৌভাগ্যবান ও সুনামের অধিকারী হবে।

দূর্বলদের প্রতি অত্যাচার কর নাঃ ১. অধিনস্তদের প্রতি জুলুম অত্যাাচার কর না + বরং খেদমত কর শত দয়া- অনুগ্রহের সাথে। ২. তাদের সাথে যখন কঠোরতা অবলম্বন করবে + একদিন অবশ্যই তোমার শক্তি শেষ হয়ে যাবে।

دولت دنیا پہ تو مت پھولنا	دیکھ کر اس کو نہ دل میں پھولنا
پنج روزہ ہے یہ سب دولت تیری	فکر میں اس کے نہ کھو تو اپنا جی
دیکھ اگلوں کی نہ وہ ثروت رہی	پاس تیرے بھی نہ ٹھہرے گی کبھی
گر ہمیشہ رہتی ان کے پاس سب	کس طرح آتی وہ تیرے ہاتھ اب
کب ہے مال و زندگانی کو بقا	سب فنا ہے سب فنا ہے سب فنا
ہے قضا موجود سب کے واسطے	ہے بقا اک ذات رب کے واسطے
ہے مناسب اس سے ہر انسان کو	جان دیدے پر نہ دے ایمان کو

صفائی کی تعریف

صفائی عجب چیز دنیا میں ہے	صفائی سے بہتر نہیں کوئی شئے
صفائی سے تم ہوگے ہردلعزیز	صفائی سے آئے گی تم کو تمیز

শব্দার্থ : نہ کھو নষ্ট কর না, ثروت সম্পদ, بقا স্থায়ী, فنا ধ্বংস, قضا ভাগ্য, ذات সত্বা, مناسب উচিৎ, تعریف প্রসংসা, গূণ-গান, ہردلعزیز সবার কাছে প্রিয়।

অনুবাদ॥ ৩. পার্থিব সম্পদ দ্বারা কখনো ফুলে যেয়ো না + তা দেখে মনে গর্বিত হয়ো না। ৪. পাঁচ দিনের জন্যে তোমার এ সব দৌলত + তার ধান্দায় তুমি তোমার জীবন নষ্ট কর না। ৫. পূর্ববর্তীদের দিকে তাকাও, তাদের সম্পদ থাকে নি + তোমার নিকটও কখনো স্থায়ী থাকবে না। ৬.যদি চিরদিনের জন্যে তাদের কাছে সব থাকত + কিভাবে তোমার হাতে সে সব আসত? ৭. এ সম্পদ ও জীবন কবে স্থায়ী হবে + সব ধ্বংসশীল, সব অস্থায়ী, সবই ফানা। ৮. সবার জন্যে খোদায়ী সিদ্ধান্ত বিদ্যমান রয়েছে + স্থায়িত্ব কেবল রব্বুল আলামীন সত্বার জন্যেই। ৯. এ কারণে সকল মানুষের উচিৎ + যে, জীবন দিবে তবুও ঈমান দিবে না।

পরিচ্ছন্নতার গুণ-গানঃ ১. পরিচ্ছন্নতা জগতে এক আজব জিনিষ + পরিচ্ছন্নতার চাইতে জগতে উত্তম কোন জিনিষ নেই। ২. পরিচ্ছন্নতার দ্বারা তুমি সবার হৃদয়ে প্রিয় হবে + পরিচ্ছন্নতার দ্বারা তোমার জ্ঞান আসবে।

صفائی رکھے گی تمہیں تندرست	رہوگے شب و روز چالاک و چست
لباس و مکان بستر و جسم کو	بہت صاف و ستھرا ہمیشہ رکھو

ہمدردی کی باتیں

بیٹھے بے فکر کیوں ہو ہم وطنو!	اٹھو اہل وطن کے دوست بنو
مرد ہو تو کسی کے کام آؤ	ورنہ کھاؤ پیو چلے جاؤ
جب کوئی زندگی کا لطف اٹھاؤ	دل کو دکھ بھائیوں کا یاد دلاؤ
کھاؤ تو پہلے لو خبر اُن کی	جن پہ بیتا ہے مفلسی کی پڑی
پہنو تو پہلے بھائیوں کو پہناؤ	کہ ہے اُترن تمہاری اُن کا بناؤ
مقبلو! مدبروں کو یاد کرو	خوش دلو! غمزدوں کو شاد کرو
جاگنے والو! غافلوں کو جگاؤ	تیرنے والو! ڈوبتوں کو تراؤ

শব্দার্থ : بستر বিছানা, همدردی সমবেদনা, সহমর্মিতা, هم وطنوں স্বদেশী, اهل وطن দেশবাসী, لطف মজা, مفلسی দারিদ্রতা, مقبل অগ্রগামী, مدبر পশ্চাদগামী, হতভাগা, غمزدوں বিপদগ্রস্ত, تیرنےوالوں সাতারু, تراؤ পার কর, বাঁচাও।

অনুবাদ॥ ৩. পরিচ্ছন্নতা তোমাকে সুস্থ রাখবে + রাতদিন সর্বদা উদ্দমী ও কর্মোক্ষম থাকবে। ৪. পোশাক, ঘর, বিছানা ও শরীরকে + সব সময় খুব পরিষ্কার পরিচ্ছন্ন রাখ।

সমবেদনার কথা ঃ ১. নিঃশ্চিন্তে বসে আছ কেন হে দেশবাসী! দেশবাসীর বন্ধু হও। ২. যদি পুরুষ হয়ে থাক তাহলে কারো কাজে এসো + অন্যথায় খানাপিনা করে চলে যাও। ৩. যখন জীবনের কোন মজা ভোগ কর + তখন দুঃখিত ভাইদের কথা স্মরণ কর। ৪. খাইলে আগে তাঁদের খবর নাও + যাদের ওপর দারিদ্রের বালা-মসিবত পড়ে রয়েছে। ৫. নিজে পরিধান করলে আগে ভাইদেরকে পরিধান করাও + কেননা তোমাদের পরিত্যাক্ত পোশাকই তাদের শোভা বর্ধনকারী। ৬. হে অগ্রপথিকেরা ! পশ্চাদগামীদেরকে স্মরণ কর + হে আনন্দিতরা! দুঃখিতদেরকে খুশী কর। ৭. হে সচেতনরা! উদাসীনদেরকে জাগ্রত কর + হে সাতারুরা! ডুবন্তদেরকে উদ্ধার কর। ৮. যদি তোমাদের চোখ- কান থেকে থাকে + তাহলে অন্ধ-বধিরদের খবর নাও।

ہیں ملے تم کو چشم و گوش اگر	بھیجو جا کے کوروں کی خبر
تم اگر ہاتھ پاؤں رکھتے ہو	لنگڑے، لولوں کو کچھ سہارا دو
تندرستی کا شکر کیا ہے؟ بتاؤ	رنج و بیمار بھائیوں کا بٹاؤ
سب کو میٹھی نگاہ سے دیکھو	سمجھو آنکھوں کی پتلیاں سب کو
گر رہا چاہتے ہو عزت سے	بھائیوں کو نکالو ذلت سے
ان کی عزت تمہاری عزت ہے	ان کی ذلت تمہاری ذلت ہے
عزتِ قوم چاہتے ہو اگر	جا کے پھیلاؤ ان میں علم و ہنر
قوم کی عزت اب ہنر سے ہے	علم سے یا کہ سیم و زر سے ہے
کوئی دن میں وہ دور آئے گا	بے ہنر بھیک تک نہ پائے گا

ایک وقت میں ایک کام

ہے کام کے وقت کام اچھا	اور کھیل کے وقت کھیل اچھا
جب کام کا وقت ہو کرو کام	بھولے سے بھی کھیل کا نہ لو نام

শব্দার্থ : سہارا সহায়তা, تندرستی সুস্থতা, بٹاؤ দূরকর, نگاہ দৃষ্টি, ذلت লাঞ্ছনা, ہنر শিল্প কার্য, বিজ্ঞান, سیم রূপা, زر সোনা।

অনুবাদ ॥ ৯. তোমাদের যদি হাত- পা থেকে থাকে + তাহলে লেংড়া ও খোড়াদেরকে কিছু ঠেস দাও। ১০. সুস্থতার কৃতজ্ঞতা কি বল দেখি? + অসুস্থ ভাইদের কষ্ট লাঘব করা। ১১. সবাইকে সু নজরে দেখ! + সবাইকে চোখের মণি বুঝ। ১২. যদি ইয্যতের সাথে থাকতে চাও + তাহলে অপর ভাইদেরকে লাঞ্ছনা থেকে বের করে আন। ১৩. তাদের ইয্যতই তোমার ইয্যত + আর তাদের অপমান তোমারই অপমান। ১৪. যদি জাতির সম্মান কাম্য হয় + গিয়ে তাদের মধ্যে জ্ঞান- গরিমার প্রসার ঘটাও। ১৫. জাতির সম্মান এখন জ্ঞান-গরিমার মধ্যে + বিদ্যার মাধ্যমে অথবা ধন সম্পদের মধ্যে। ১৬. সে দিন বেশী দূরে নয় যে, জ্ঞানহীনরা ভিক্ষা পর্যন্ত পাবে না।

এক সময়ে এক কাজঃ ১. কাজের সময় কাজ ভাল + আর খেলার সময় খেলা ভাল। ২. যখন কাজের সময় হয় তখন কাজ কর+ভুলে ও খেলার নাম নিয়ো না

ہاں کھیل کے وقت خوب کھیلو | کودو پھاندو کہ ڈنڈ پیلو
خوش رہنے کا ہے یہی طریقہ | ہر بات میں چاہئے سلیقہ
ہمّت کو نہ ہاریو خدا را | مت ڈھونڈیو اور کا سہارا
اپنے بوتے پہ کام کرنا | مشکل ہو تو چاہئے نہ ڈرنا
جو کچھ ہو سو اپنے دم قدم سے | کیا کام ہے اور کے کرم سے
چھوڑو نہیں کام کو ادھورا | بے کار ہے جو ہوا نہ پورا
ہر وقت میں صرف ایک ہی کام | پاسکتا ہے عمدگی سے انجام
جب کام میں کام اور چھیڑا | دونوں ہی میں پڑ گیا بکھیڑا
جو وقت گذر گیا۔ اکارت | افسوس ہوا خزانہ غارت

دُعَا

ہماری دعا ہے یہی اے خدا | ہو اسلام کا بول بالا سدا
عطا کر سبھی کو ہدایت کا نور | ضلالت کا اندھیرا ہو جائے دور
ترے بندے ترے ہی احکام پر
چلیں اور دل میں رکھیں تیرا ڈر

অনুবাদ ॥ ৩. হ্যা! খেলার সময় খুব খেল + লাফাও ঝাপাও যাতে বিজয় ছিনিয়ে আনতে পার। ৪. সূখী থাকার এটাই উপায় + প্রতি বিষয়ে যোগ্যতা চাই। ৫. সাহস হারিয়ো না আল্লাহর ওপর ভরসা কর + অন্যের সাহায্য খোঁজ কর না। ৬. নিজ সামর্থ অনুযায়ী কাজ কর + কাজ কঠিন হলে তাতে ভয় পাবে না। ৭. যা কিছু হবে তা নিজ বাহু বলে হবে + অন্যের অনুগ্রহের কি প্রয়োজন আছে? ৮. কাজ অসমাপ্ত ছেড় না + বেকার তা যা পূর্ণ হয় না। ৯. সব সময়ে একই কাজ + উত্তমরূপে তা সম্পন্ন হতে পারে। ১০. যখন এক কাজের মধ্যে আর কজ শুরু হয়ে যায়+তঁখন উভয়টির মধ্যে জটিলতা সৃষ্টি হয়ে যায়। ১১. যে সময় বেকার চলে যায়+আফসোস! তার ভবিষ্যত ঠিকানা ধ্বংস হয়ে গেল।

প্রার্থণাঃ

১. মোদের মিনতি এই ওহে মোর খোদা+ইসলামের বাণী যেন থাকে উঁচু সদা।
২. দান কর সকলেরে হেদায়েতের নূর + গোমরাহীর অমানিশা হয়ে যাক দূর
৩. তোমার বান্দা তোমার বিধানের ওপর+চলে যেন সদা আর রাখে মনে ডর।